মিসলেনিয়াস স্পেশাল সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan
Vol. 39 ■ Issue No. 38 ■ 19th September, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



ITI ডিপ্লোমা কোর্স থাকা সত্ত্বেও মনের মতো চাকরি না পেয়ে DESUN এর ট্রেনিংয়ে পেলাম IT JOB
DESUN ACADEMY
Get Placed by Skills
ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না... Skill Gap
+91 94296 91888 | www.desunacademy.in

## প্রাথমিক ও উচ্চ প্রাথমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা পদের জন্য

# এবার থেকে ‘টেট’ হবে বছরে ২ বার

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : প্রাথমিক ও উচ্চপ্রাথমিক স্কুলে কর্মরত যে সব শিক্ষক-শিক্ষিকাদের ‘টেট’ পাশ করা নেই, তাঁদের ‘টেট’ পাশ করতেই হবে। সুপ্রিম কোর্ট জানিয়েছে, ২০২৮ সালের আগস্টের মধ্যে ‘টেট’ পাশ করতে হবে। প্রথমে বলা হয়েছিল ২০২৭ সালের মধ্যে ‘টেট’ পাশ করতে হবে। তারপর সময়সীমা বাড়িয়ে ২০২৮ সালের আগস্ট করা হয়েছে। এই সময় আর বাড়ানো হবে না। কোনো কারণে ‘টেট’এ সফল না হলে চাকরি থাকবে না, এমনই নির্দেশ ছিল সুপ্রিম কোর্টের। যাঁদের অবসরের সময় ৫ বছর বা, তার কম সময় আছে, তাঁদের ‘টেট’ দিতে হবে না।

প্রাথমিক শিক্ষা পর্ষদ বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে, সারা দেশে প্রাথমিক ও উচ্চপ্রাথমিকে ‘টেট’ পাশহীন শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ২০ লাখের কাছাকাছি। পশ্চিমবঙ্গে প্রাইমারিতে ‘টেট’ পাশহীন প্রার্থীর সংখ্যা প্রায় ৯৬ হাজার। উচ্চপ্রাথমিকের সংখ্যা কত তা পরে জানানো হবে। এরপর ৫ পাতায়

ICE Academy
WBCS, WBPSC ও TET
SSC CGL / CHSL, Rail
অফলাইন ও অনলাইনে
নতুন ব্যাচে ভর্তি চলছে
সেরা প্রশিক্ষকদের ক্লাস
বালিগঞ্জ : 9804412898
শিয়ালদহ : 7044981821

## স্টাফ সিলেকশনের কম্বাইন্ড এইচ.এস লেভেল পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রে ২,৫৩৬ ক্লার্ক, অপারেটর

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও দফতরে কাজের জন্য ‘লোয়ার ডিভিশন ক্লার্ক / জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট’ ও ‘ডাটা এন্ট্রি অপারেটর’ পদে ২,৫৩৬ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘণ্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে ‘লোয়ার ডিভিশন ক্লার্ক /জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট’ পদের জন্য আবেদন করতে পারেন।

যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে ‘ডাটা এন্ট্রি অপারেটর (ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার এরপর ৭ পাতায়

EDUNOLEDGE ONLINE COACHING
ঘরে বসেই নিন সরকারি চাকরির পরীক্ষার সম্পূর্ণ প্রস্তুতি
WBCS, PSC Clerkship, PSC Miscellaneous
এবং অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষা
■ কোর্সের মূল্য মাত্র ৭৯৯ থেকে শুরু।
■ প্রশিক্ষণে ১০ বছরেরও বেশি অভিজ্ঞতাসম্পন্ন অন্যতম সেরা প্রশিক্ষকদের সঠিক গাইডেন্সে প্রস্তুতি নিন।
Online Live Class | Recorded Class | Mock Test
Class Notes PDF | E-Book | Doubt Support
7679700705, 6291011181
EDUNOLEDGE সঠিক গাইডেন্সে সাফল্যের পথে

## কলকাতার ১৩২টি আইটি কোম্পানিতে

# ৪৫,৯১১ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

প্রমা দাস, সল্টলেক : কলকাতার ১৩২টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ২১,৩১২ ‘GenAI বেসড UI/UX ডিজাইনার’ ও ২৪,৫৯৬ ‘GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার’ ছেলেমেয়ে লাগবে।

পদ : GenAI বেসড UI/UX ডিজাইনার। যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- -১৫,০০০/- টাকা। এরপর ৬ পাতায়

# রেলের গ্রুপ ‘ডি’র মাঠ পরীক্ষা শুরু

পূর্ব রেলের রেলওয়ে রিক্রুটমেন্ট সেল’এর বিজ্ঞপ্তি নং ৮/২০২৪’এর গ্রুপ-ডি পদের শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ২১ সেপ্টেম্বর থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত। পরীক্ষা হবে এই ঠিকানায় : রেলওয়ে লক্ষণসেন এরপর ৫ পাতায়

## TCS, Wipro সহ কলকাতার প্রথম সারির আইটি কোম্পানিতে

# সামনের ৯ মাসে AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৫৮,৩২১ নিয়োগ

## মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

পারমিতা মিত্র, কলকাতা : পূর্ব ভারতের আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা রিক্রুটার Wipro এর ট্রেনিং ডেভেলপমেন্ট উইং-এর ইস্টার্ন রিজিয়ন হেড একটি অদ্ভুত তথ্য দিলেন। শেষ ২টি কোয়ার্টারে (জানুয়ারী-জুন, ২০২৬) শুধুমাত্র কলকাতা থেকেই এরপর ১০ পাতায়

পরীক্ষা ৪ অক্টোবর
গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
PSC মিসলেনিয়াস সার্ভিসেস - ২০২৪-এর
প্রিলি পরীক্ষার
1000 প্রশ্নোত্তর
কৃতীদের তৈরি মডেলে প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৩৫০/-টাকা ৩০০/-টাকা
সাফল্য
সাফল্য সম্প্রসারণ জ্ঞান

# WBCS পরীক্ষার বিজ্ঞপ্তি নতুনভাবে ফের বেরোবে

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ সরকারের সেরা সেরা পদে চাকরির জন্য ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোনো নিয়ে সংশয় তৈরি হয়েছে। ১০ সেপ্টেম্বর পি.এস.সি.’র ওয়েবসাইটে মাত্র কয়েক মিনিটের জন্য ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। তাতে উল্লেখ ছিল, অনলাইনে দরখাস্ত নেওয়া হবে ১০ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। তারপর মূল বিজ্ঞপ্তিও প্রকাশিত হয়। তাতে প্রিলি পরীক্ষার সম্ভাব্য তারিখ এরপর ১০ পাতায়

# গেইল’এ ট্রেনি এক্সিকিউটিভ

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : গেইল (ইন্ডিয়া) লিমিটেড ‘এক্সিকিউটিভ ট্রেনি’ পদে কিছু লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : মেকানিক্যাল, এরপর ৩ পাতায়

# ৫ কেন্দ্রীয় পুলিশ সংস্থায় ১,৮৭১ সাব-ইন্সপেক্টর

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে (সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল) ‘সাব-ইন্সপেক্টর’ আর দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পদে ১,৮৭১ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। এরপর ৩ পাতায়

# স্টেট ব্যাঙ্কে ৭৩ অফিসার

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ‘এভিপি (ওয়েলথ) অফিসার’ পদে ৭৩ জন লোক নিচ্ছে। চাকরি হবে চুক্তিতে। যেকোনো শাখার এরপর ৩ পাতায়

# বিমা সংস্থায় ২০০ অফিসার

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, ইউনাইটেড ইন্ডিয়া ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড ‘অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জেনারেলিস্ট)’ পদে ২০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০-৬-২০২৬’এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ৩০-৬-১৯৯৬ থেকে ৩০-৬-২০০৫’এর এরপর ৬ পাতায়

MCG COLLEGE OF HEALTH SCIENCE
(AFFILIATED BY KALYANI UNIVERSITY)
Govt. of West Bengal
DIPLOMA IN
• Medical Lab Technology
• Medical Radiology Technology
• Operation Theatre Technology
• Critical Care Technology
• Physiotherapy Technology
• Community Medical Service & Essential Drugs
LIMITED SEATS
ADMISSION OPEN
WHY CHOOSE US?
• Govt.-approved & University-affiliated
• Experienced faculty & modern labs
• Practical clinical exposure
• Career-ready training
JOB-ORIENTED COURSES
HANDS ON TRAINING
AFFORDABLE FEES
Placement Assistance | Job Oriented Courses | Seat Limited
জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি শূন্যপদ সমূহ
Teacher In-Charge — যোগ্যতা : B.Sc/M.Sc. ন্যূনতম ৮ বছরের অভিজ্ঞতা প্রয়োজন
Librarian — যোগ্যতা : BLIS/MLIS ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা প্রয়োজন
Faculty-MLT/MRT/OTT/PT/CCT — যোগ্যতা : B.Sc/M.Sc. ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা প্রয়োজন
033-40838089
www.mcgeducare.com
F-30, KALYANI STATION ROAD, KALYANI MAIN, NADIA, WB, 741235

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

**কর্মখালি**

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**
কলকাতা মেট্রো রেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী অফিশিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500 – 67700)। M : 9091307705
SA(A)

KOLKATA METRO দিচ্ছে M/F উভয় স্থায়ী নিয়োগ কন্ট্রাক্টরের অধীনে। যোগ্যতা : HS –স্নাতক। বেতন- 22500 – 63900। থাকা ও খাওয়া-সহ অন্যান্য 8945980049
SA(A)

**JOB VACANCY**
Punjab National Bank (DSA) অফিসিয়াল পদে নিজ নিজ জেলায় M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : MP-স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700–65900), সত্বর যোগাযোগ - M : 9134238767
SA(A)

**কর্মখালি**

**জরুরী বিজ্ঞপ্তি**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে স্থায়ী অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক। বেতন : (21500–68900). সত্বর যোগাযোগ - M : 913472 5285.
SA(A)

**100% Job Guarantee**
এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী কাজের জন্য সরাসরি M/F candidate নেওয়া হচ্ছে। স্যালারি 18K–65K পর্যন্ত। বিশদ জানতে Call করুন। M : 9836977912
R

**কর্মখালি**

KOLKATA METRO নিয়োগ বিজ্ঞাপন। কন্ট্রাক্টরের অধীনে M/F স্থায়ী কাজ। যোগ্যতা : HS – স্নাতক ও উর্দ্ধে। বেতন : 21900–67000. থাকা, খাওয়া ও প্রমোশন। সত্বর যোগাযোগ- M : 7063518431
SA(A)

**মেট্রো জব ভ্যাকান্সি**
কলকাতা East–West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18200–65700). সত্বর যোগাযোগ- M : 75015 99175
SA(A)

**কর্মখালি**

Punjab National Bank (DSA) বিভিন্ন সরকারি পোস্টে, নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-– 72,900/-, H.R.-8695339415
SA

কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজে M/F চাই। যোগ্যতা : মাধ্যমিক–স্নাতক। বেতন : 18,000 –65,000, থাকা-খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি, বোনাস ও প্রমোশন। M : 8250308041
SA(A)

**কর্মখালি**

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন অফিসিয়াল পদে যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18500– 68700). M : 8372884366
SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

**স্কুল-কলেজ-শিক্ষা**

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। মাত্র ৩৮.৫ মিনিটের ব্যবধানে ২টি 'ফ্যালকন-৯' রকেট উৎক্ষেপণ করে নতুন রেকর্ড গড়ল কোন মহাকাশ সংস্থা — মার্কিনি বেসরকারি মহাকাশ সংস্থা স্পেসএক্স (১৫ আগস্ট, প্রথম রকেটটি ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল স্পেস ফোর্স স্টেশন থেকে পূর্বাঞ্চলীয় সময় রাত ৯টা ১২ মিনিটে উৎক্ষেপিত হয়। এর মাত্র ৩৮.৫ মিনিট পর ক্যালিফোর্নিয়ার ভ্যান্ডেনবার্গ স্পেস ফোর্স বেস থেকে দ্বিতীয় রকেটটি উৎক্ষেপিত হয়)।

২। গুটিবসন্তের প্রথম টিকা আবিষ্কার



করেছিলেন — এডওয়ার্ড জেনার (১৭৯৮ সালে)।

৩। বিশ্বের সর্বাধিক দুধ উৎপাদনকারী গবাদি পশু কোনটি — হলস্টেইন-ফ্রিজিয়ান গরু (এই গরুগুলির উৎপত্তি নেদারল্যান্ডসের নর্থ হল্যান্ড ও ফ্রিসল্যান্ড প্রদেশ আর উত্তর জার্মানির শ্লেসউইগ-হলস্টেইন অঞ্চলে)।

৪। ৩০ আগস্ট ফ্লোরিডার নাসা'র কেনেডি স্পেস সেন্টার থেকে, স্পেসএক্স ফ্যালকন হেভি রকেটে চড়ে মহাকাশে পাড়ি দিল 'ন্যান্সি গ্রেস রোমান স্পেস টেলিস্কোপ'। কার নামানুসারে এই টেলিস্কোপটির নাম রাখা হয়েছে — নাসা'র প্রথম প্রধান জ্যোতির্বিজ্ঞানী প্রয়াত ন্যান্সি গ্রেস রোমান।

৫। উইলো গাছের ছাল কোন ওষুধের উৎস — অ্যাসপিরিন।

৬। কোন খনিজ 'হর্ন সিলভার' নামেও পরিচিত — সিলভার ক্লোরাইড ($AgCl$)।

৭। কততম দেশ হিসাবে আনুষ্ঠানিকভাবে নাসা'র নেতৃত্বাধীন আর্তেমিস চুক্তিতে স্বাক্ষর করল তুরস্ক — ৭১।

৮। পদার্থবিদ্যার কোন শাখাটি অ্যাটমিক নিউক্লিয়াসের অধ্যয়নের সঙ্গে সম্পর্কিত — নিউক্লিয়ার ফিজিক্স।

## ইতিহাস

৯। দিল্লিতে 'কুওয়াত-উল-ইসলাম' মসজিদটি তৈরি করেছিলেন — কুতুব-উদ-দ্বীন আইবক।

১০। ১৯৩২ সালে 'সাম্প্রদায়িক বাঁটোয়ারা' ঘোষণা করেছিলেন — ব্রিটিশ প্রধানমন্ত্রী র‍্যামসে ম্যাকডোনাল্ড।

১১। কোন বইটির বিষয়ে মহাত্মা গান্ধী বলেছিলেন যে, 'এটি আমার জীবনে তাৎক্ষণিক ও বাস্তব পরিবর্তন এনেছিল' — Unto this last (বইটির লেখক জন রাস্কিন)।

১২। ভারতের স্বাধীনতার সময় 'আরবিটাল ট্রাইব্যুনাল'এর প্রধান ছিলেন — ব্রিটিশ আইনজীবী উইলিয়াম প্যাট্রিক স্পেন্স।

১৩। ১৮৮২ সালে 'কাচা নাগা বিদ্রোহ'এর নেতা ছিলেন — শম্ভুদান।

১৪। কার নেতৃত্বে দক্ষিণ ভারতে জৈনধর্মের প্রসার ঘটেছিল — ভদ্রবাহু।

১৫। বিম্বিসারের অন্য নাম ছিল — শ্রেণিক।

১৬। শক'রা কাদের সঙ্গে যৌথভাবে 'সত্রপ' শাসনব্যবস্থা প্রবর্তন করেছিল — পার্থিয়ান।

## ভূগোল

১৭। সবুজ বিপ্লব মূলত কোন ফসলের সঙ্গে সম্পর্কিত — গম।

১৮। কোন মাটির ক্ষেত্রে 'রেগুর' শব্দটি ব্যবহৃত হয় — কালো মাটি।

১৯। ভারতের হুট্টি, কোলার ও রামগিরিতে কোন ধাতু পাওয়া যায় — সোনা।

২০। কোন ভারতীয় শহর তার চমৎকার সমুদ্রসৈকতের জন্য পরিচিত — গোয়া।

২১। 'দোদাবেতা' শৃঙ্গটি কোন পর্বতমালায় অবস্থিত — নীলগিরি।

২২। কোন প্রস্তাবিত প্রকল্পটি মান্নার উপসাগর ও পক প্রণালীর মধ্যে সংযোগ স্থাপন করবে — সেতুসমুদ্রম শিপিং ক্যানাল প্রকল্প।

২৩। মধ্য হিমালয়ের পূর্ব ও পশ্চিম সীমানা কোনটি — নাঙ্গা পর্বত ও নামচা বারওয়া (নাঙ্গা পর্বত হল সমুদ্রপৃষ্ঠ থেকে ৮,১২৬ মিটার উঁচুতে অবস্থিত বিশ্বের নবম সর্বোচ্চ পর্বত)।

২৪। ভারতের দৈনিক আবহাওয়ার মানচিত্র কোথায় তৈরি ও মুদ্রিত হয় — পুণে (ডেটা সেন্টার অফ ইন্ডিয়া মেটেওরোলজিক্যাল ডিপার্টমেন্ট)।

## সাম্প্রতিক ঘটনা

২৫। কর্ণাটকের মুখ্যমন্ত্রী এখন কে — ডি.কে.শিবকুমার।

২৬। রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদের ৮১ তম অধিবেশনের সভাপতি পদে নির্বাচিত হলেন কোন দেশের পররাষ্ট্রমন্ত্রী ড.খলিলুর রহমান — বাংলাদেশ।

২৭। সম্প্রতি ৪ দিনের ভারত সফরে আসা ডেলসি রড্রিগেজ কোন দেশের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট — ভেনেজুয়েলা।

২৮। 'সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — লোখান্ডে প্রশান্ত সীতারাম।

২৯। 'বিশ্ব বাইসাইকেল দিবস' কবে পালিত হয় — ৩ জুন।

৩০। যৌথভাবে 'রুদ্রম-২' আকাশ থেকে ভূমিতে নিক্ষেপযোগ্য ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালালো কোন দুই সংস্থা — ডিআরডিও আর ভারতীয় বিমান বাহিনী।

৩১। 'পটনা হাই কোর্ট'এর প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন কে — মীনাক্ষী মদন রাই।

৩২। ডেনমার্কের প্রধানমন্ত্রী এখন কে — মেটে ফ্রেডেরিকসেন।

৩৩। সৌদি আরবে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — বিপুল।

৩৪। ভারতীয়দের জন্য এয়ারপোর্ট ট্রানজিট ভিসা তুলে দেওয়া হল কোন দেশে — জার্মানি।

৩৫। এবছর 'Guitar Wiz' অ্যাপের জন্য 'ইনক্লুসিভিটি' (অন্তর্ভুক্তি) বিভাগে মর্যাদাপূর্ণ 'অ্যাপল ডিজাইন পুরস্কার' জিতলেন কে — বেঙ্গালুরুর ডেভেলপার বিজয় থাঙ্গারাজ।

৩৬। ১ জুন থেকে আনুষ্ঠানিকভাবে চালু হওয়া দক্ষিণ উপকূল রেলওয়ে জোনের সদর দফতর কোথায় অবস্থিত — আন্ধ্রা প্রদেশের বিশাখাপত্তনম।

৩৭। এবছরের ১ জুন, 'প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্প' কত বছর পূর্ণ করেছে — ৬ বছর (২০২০ সালের ১ জুন এটিচালু হয়েছিল)।

৩৮। 'হিন্দি সাংবাদিকতা দিবস' কবে পালিত হয় — ৩০ মে।

৩৯। কোথায় যৌথভাবে 'নৌসেনা শৌর্য বটিকা'র উদ্বোধন করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ও উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ — লখনউ।

৪০। ভারতের নতুন চিফ অফ ডিফেন্স স্টাফ হিসাবে দায়িত্ব নিলেন কে — জেনারেল এন.এস.রাজা সুব্রামানি।

সঙ্কলক : পলি দেওয়ান

**কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ**

**SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH**
INC, WBNC & WBUHS স্বীকৃত
Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com



**Courses Offered**
**B.Sc নার্সিং** 60 Seats (4 Years)
**GNM নার্সিং** 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।
**সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ**
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।
যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani)
Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year

## হোটেল ম্যানেজমেন্ট কলেজে কর্মী নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, সল্টলেক: রাজ্যের প্রথম সারির হোটেল ম্যানেজমেন্ট কলেজ তথা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট 'রেসিডেন্সিয়াল কেয়ারটেকার (মেল / ফিমেল)', 'সার্ভিস বয় / সার্ভিস গার্ল', 'সিকিউরিটি গার্ড (মেল / ফিমেল)' ও 'ক্লিনার (মেল / ফিমেল)' পদে বেশ কিছু ছেলেমেয়ে নিচ্ছে। বিশদে জানার জন্য যোগাযোগ করুন এই নম্বরে : 8777468438.

## ৫ কেন্দ্রীয় পুলিশ সংস্থায় ১,৮৭১

১ পাতার পর

কারা কোন পদের জন্য যোগ্য :

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সব পদের জন্য আবেদন করতে পারেন। তবে দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় মোটর সাইকেল ও মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এল.এম.ভি) থাকতে হবে।

বয়স হতে হবে ১-৮-২০২৬'র হিসাবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৮-২০০১ থেকে ১-৮-২০০৬'এর মধ্যে। সাব-ইন্সপেক্টর (ফায়ার) পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৬ থেকে ১-৮-২০২৬'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, বিধবা-বিবাহ বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর পর্যন্ত আর প্রাক্তন সমরকর্মী ও বিভাগীয় প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রতিবন্ধীরা আবেদনের যোগ্য নন। এন.সি.সি.'র 'B' বা, 'C' সার্টিফিকেট থাকলে কিংবা খেলাধুলায় অসাধারণ কৃতিত্ব থাকলে ভালো হয়।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ (গোর্খা, সিকিমি বা, উত্তর-পূর্বাঞ্চল রাজ্যগুলির পার্বত্য এলাকার ছেলেরা ১৬৫, তপশিলী উপজাতি হলে ১৬২.৫) সেমি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (তপশিলী উপজাতি হলে ৭৭) সেমি ও ফুলিয়ে ৮৫ (তপশিলী উপজাতি হলে ৮২) সেমি।

মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, সিকিমি ও পার্বত্য এলাকার মেয়েরা ১৫৫, তপশিলী উপজাতি হলে ১৫৪) সেমি। সব ক্ষেত্রেই ওজন থাকতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে কাছের বেলায় ভালো চোখে N6, খারাপ চোখে N9. দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, বর্ণান্ধতা কিংবা শারীরিক বা, মানসিক ত্রুটি থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদে ৩১৭টি। এর মধ্যে ছেলে ২০৫টি (জেনাঃ ৮৭, ও.বি.সি. ৫৪, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৪, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২১। মেয়েদের জন্য ১১২টি (জেনাঃ ৪৭, ও.বি.সি. ৩০, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৮, ই.ডব্লু.এস. ১১)।

সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সের সাব-ইন্সপেক্টর (জি.ডি.) পদে শূন্যপদ : ১,৩২০টি। মোট শূন্যপদের মধ্যে সি.আর.পি.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদে ২৫৪টি। এর মধ্যে ছেলেদের জন্য ২২৫টি (জেনাঃ ৯০, ই.ডব্লু.এস. ২৩, ও.বি.সি. ৬১, তঃজাঃ ৩৪, তঃউঃজাঃ ১৭) ও মেয়েদের ২৯টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। বি.এস.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদে ৪৫৭টি। এর মধ্যে ছেলেদের জন্য ৪৩৫টি (জেনাঃ ১৭৮, ইডব্লু.এস. ৪৩, ও.বি.সি. ১১৭, তঃজাঃ ৬৫, তঃউঃজাঃ ৩২) ও মেয়েদের ২২টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। সি.আই.এস.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদে ২৫০টি। এর মধ্যে ছেলেদের জন্য ২০০টি (জেনাঃ ৮২, ই.ডব্লু.এস. ২০, ও.বি.সি. ৫৪, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৪) ও মেয়েদের ৫০টি (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪)। আই.টি.বি.পি.'এর সাব-ইন্সপেক্টর পদে ১৮৭টি। এর মধ্যে ছেলেদের জন্য ১৫৯টি (জেনাঃ ৮৯, ইডব্লু.এস. ২১, ও.বি.সি. ৩০, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ১) ও মেয়েদের ২৮টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩)। এস.এস.বি.'এর সাব-ইন্সপেক্টর পদে ১৭২টি। এর মধ্যে ছেলেদের জন্য ১৫৪টি (জেনাঃ ১০৩, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ১৮, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৬) ও মেয়েদের ১৮টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)।

সি.আই.এস.এফ.'এর সাব-ইন্সপেক্টর (ফায়ার) পদে ছেলেদের জন্য ২৩৪টি (জেনাঃ ৭৪, ইডব্লু.এস. ১৭, ও.বি.সি. ৭৫, তঃজাঃ ৫২, তঃউঃজাঃ ১৬)।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment of Sub-Inspector in Delhi Police and Central Armed Police Forces Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), কল্যাণী (৪৪১৯), শিলিগুড়ি (৪৪১৫), বর্ধমান (৪৪২২), মালদা (৪৪১২), দুর্গাপুর (৪৪২৬), সিউড়ি (৪৪১৬), পোর্ট ব্লেয়ার (৪৮০২), ভুবনেশ্বর (৪৬০৪), রাঁচি (৪২০৫), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), ইম্ফল (৫৫০১), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), কোহিমা (৫৩০২), আগরতলা (৫৬০১), পটনা (৩২০৬), মজঃফরপুর (৩২০৫), ভাগলপুর (৩২০১)।

লিখিত পরীক্ষায় থাকবে দু'টি পেপার। প্রথম পেপারে ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, পার্ট-বি: জেনারেল নলেজ ও জেনারেল অ্যাওয়ারনেস, পার্ট-সি: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, পার্ট-ডি: ইংলিশ কমপ্রিহেনশন। প্রতিটি পার্টে থাকবে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

এরপর দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং- ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস- ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৪) ইংলিশ কমপ্রিহেনশন- ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

এরপর হবে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৬.৫ মিনিটে ১.৬ কিমি. দৌড়, ৩ সুযোগে ৩.৬৫ মিটার লং জাম্প, ৩ সুযোগে ১.২ মিটার হাই জাম্প, ৩ সুযোগে ৪.৫ মিটার শট পাট।

মেয়েদের বেলায় ১৮ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়, ৩ সুযোগে ২.৭ মিটার লং জাম্প, ৩ সুযোগে ০.৯ মিটার হাই জাম্প। সফল হলে এরপর হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.gov.in, www.ssconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে হবে, ১ অক্টোবরের মধ্যে। রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন। অ্যাপ্লিকেশন ফর্ম সংশোধন করতে পারবেন ৮ থেকে ১০ অক্টোবর।

## স্টেট ব্যাঙ্কে ৭৩ অফিসার

১ পাতার পর

গ্র্যাজুয়েটরা যোগ্য। ফিনান্স, মার্কেটিং বা, ব্যাঙ্কিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলে ও NISM V-A, XXI-A, CFP/CFA সার্টিফিকেট থাকলে বাড়তি সুবিধা পাবেন। পাব্লিক, প্রাইভেট, ফরেন ব্যাঙ্ক, ওয়েলথ ম্যানেজমেন্ট ফার্মস, এ.এম.সি., এস.বি.আই. ওয়েলথ-এ সেলস ও মার্কেটিংয়ের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩১-৮-২০২৬'এর হিসাবে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক বছরে ৩০.২০ লাখ টাকা। শূন্যপদ : ৭৩টি (জেনাঃ ২৯, ও.বি.সি. ১৮, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫, ইডব্লু.এস. ৭)। এই পদের বিজ্ঞপ্তি নং : CRPD/SCO/2026-27/23. প্রার্থী বাছাই হবে পার্সোন্যাল, টেলিফোনিক, ভিডিও কলিংয়ের মাধ্যমে। দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://sbi.bank.in/web/careers/current-openings অনলাইনে দরখাস্ত করার সময় ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর পাশপোর্ট মাপের ফটো-সহ অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এরপর পরীক্ষা ফী বাদ ৭৫০ টাকা অনলাইনে দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## কর্মসংস্থানের নতুন দিশা দেখাতে এক ব্যাতীক্রমী উদ্যোগ

## ওয়াক-ইন-ড্রাইভের মাধ্যমে বিভিন্ন পদে সরাসরি চাকরি

পল্লবী দেওয়ান, সল্টলেক : বিগত কয়েক দশক ধরে রাজ্যের অন্যতম সেরা EdTech ট্রেনিং প্রোভাইডর NIHT, আইটি সেক্টরের বিভিন্ন পদে সরাসরি নিয়োগ করার জন্য ১৯ সেপ্টেম্বর 'ওয়াক-ইন-ড্রাইভ'-এর আয়োজন করেছে। নেওয়া হবে এই সব পদে : 'SEO এক্সিকিউটিভ', 'SMO এক্সিকিউটিভ', 'PPC এক্সিকিউটিভ', 'সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ', 'কন্টেন্ট রাইটার', 'প্রোজেক্ট কো-অর্ডিনেটর', 'গ্রাফিক অ্যান্ড মোশন ডিজাইনার', 'ভিডিও এডিটর', 'SMM এক্সিকিউটিভ', 'ডিজিটাল মার্কেটিং এক্সিকিউটিভ', 'সোশ্যাল মিডিয়া মার্কেটিং অ্যাসোসিয়েট', 'মিডিয়া বায়ার এক্সিকিউটিভ', 'ইনফ্লুয়েন্সার', 'মার্কেটিং কো-অর্ডিনেটর', 'ক্লায়েন্ট সার্ভিসিং অ্যাসোসিয়েট', 'পারফর্মেন্স মার্কেটিং এক্সিকিউটিভ'। Adbuffs, Viacon, Lee & Nee, Kreative Machinez, Digitale, Purpple Studio, Comval IT Solutions-এর মতো কলকাতা তথা দেশের আইটি ইন্ডাস্ট্রির প্রথম সারির কোম্পানিরা রিক্রুটার হিসাবে থাকবে। যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী পে-প্যাকেজ (১০,০০০/- থেকে ৫০,০০০/- পর্যন্ত) হবে। ওয়াক-ইন-ড্রাইভ হবে ১৯ সেপ্টেম্বর সকাল ১১টা থেকে এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020. বিশদে জানতে যোগাযোগ করুন এই নম্বরে : 6289165132.

## গেইল'এ ট্রেনি এক্সিকিউটিভ

১ পাতার পর

ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, কেমিক্যাল। কারা কোন পদের জন্য যোগ্য :

এক্সিকিউটিভ ট্রেনি (মেকানিক্যাল) : মেকানিক্যাল, প্রোডাকশন, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, ম্যানুফ্যাকচারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য।

এক্সিকিউটিভ ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য।

এক্সিকিউটিভ ট্রেনি (ইন্সট্রুমেন্টেশন) : ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য।

এক্সিকিউটিভ ট্রেনি (কেমিক্যাল) : কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল টেকনোলজি, পেট্রোকেমিক্যাল টেকনোলজি, কেমিক্যাল টেকনোলজি অ্যান্ড পলিমার সায়েন্স, কেমিক্যাল টেকনোলজি অ্যান্ড প্লাস্টিক টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৮-৩-২০২৭'র হিসাবে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে মূল মাইনে ৬০,০০০-১,৮০,০০০ টাকা। ওপরের সব ক্ষেত্রে তপশিলী ও প্রতিবন্ধীরা শিক্ষাগত যোগ্যতায় ৫% নম্বরে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : GAIL/OPEN/ET/1/2026, Date: 01st September, 2026.

প্রার্থী বাছাই হবে ২০২৭ সালের 'গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (GATE-2027)' পরীক্ষার মাধ্যমে। 'গেট' পরীক্ষায় সফল হলে 'গেইলে'র জন্য ইন্টারভিউ দিয়ে সফল হতে হবে। 'গেট-২০২৭' পরীক্ষার জন্য যাঁরা দরখাস্ত করেছেন, তাঁরাই আবেদনের যোগ্য। 'গেট' পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://gate2026.iitg.ac.in

গেইলে ওইসব পদে দরখাস্ত করবেন অনলাইনে, আগামী বছর ১৭ ফেব্রুয়ারি থেকে ১৮ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : https://gailonline.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন ফটো ও সিগনেচার স্ক্যান করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে Career-এ গিয়ে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। তাতে যাবতীয় প্রমাণপত্র দিয়ে আর ফটো আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ২ কপি প্রিন্ট করবেন। তখন ইউনিক অ্যাপ্লিকেশন আই.ডি. আর রেফারেন্স পাবেন, যা নিজের কাছে রেখে দেবেন।


**B.R.S. পরীক্ষার দরকারি কোচিং**

ওবিসি মামলার গেরোয় রাজ্যের নিয়োগে যখন হাস-ফাঁস অবস্থা, বেকাররা খুঁজে পাচ্ছে না কোন দিশা, কারো প্রতি রাখতে পারছে না কোন আস্থা-ভরসা, এমতাবস্থায় মুশকিল আসান হল B.R.S. পরীক্ষায় বসা। সঠিক জায়গা থেকে বৈজ্ঞানিক ভিত্তিতে ক্ষুরধার প্রস্তুতি নিতে পারলে, এই তিন পরীক্ষায় প্রায় লাখ দুয়েক পদের জন্য বসলে সফল হওয়া সম্ভব। সম্পূর্ণ পেশাদারি মনোভাব নিয়ে প্রস্তুতি করানো হয় এবং সাফল্যের ট্রিকসগুলি বিশেষভাবে বুঝিয়ে দেওয়া হয়। ব্যাঙ্কের জন্য Banking+ এবং Rail ও SSC এর জন্য Strong Combo কোর্সে ভর্তি চলছে।

বিস্তারিত জানতে

ক্যাসেস এডুকেশন, শিয়ালদহ, কলি-১৪ (ছায়া সিনেমার পাশে)

9062756906, 9123325910

বিঃদ্রঃ কর্মরত নন-টেট টীচারদের টেট উত্তীর্ণ হওয়ার সর্বশেষ সময়সীমা হল ৩১.০৮.২০২৮. তাদের সুবিধার্থে বিশেষ টেট ব্যাচে ভর্তি চলছে।



**Jadavpur University**

**Clinical Research Centre (CRC)**

In Collaboration with

**Manipal Hospital, Kolkata**

announces Certificate Course in **"Pharmacovisllence in Clinical Research"**.

**Duration :** 9 months,

**Eligibility :** Graduate (Science) and Above.

**Last Date of Application** 15 October 2026.

**100% Job Assistance.**

Cont. : 9088401354

# গ্রামীণ ব্যাঙ্কে ১৩,৭০৬ অফিসার ও ক্লার্ক পদে কীভাবে চাকরি পাবো

*পশ্চিমবঙ্গ-সহ সারা দেশের ৪০টি গ্রামীণ ব্যাঙ্কে গ্রুপ 'এ' অফিসার ও গ্রুপ 'বি' অফিস অ্যাসিস্ট্যান্ট পদে ১৩,৭০৬ জনকে নিয়োগ করা হবে। নিয়োগ হবে ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস)'এর মাধ্যমে। অনলাইনে আবেদন করতে হবে ২১ সেপ্টেম্বরের মধ্যে। প্রিলিমিনারি পরীক্ষা হবে নভেম্বর-ডিসেম্বর নাগাদ। হাতে সময় মাত্র কয়েক মাস। তাই এই অল্প সময়ের মধ্যে সিলেবাস ধরে ঠিক কী ধরনের প্রস্তুতি নিলে 'ব্যাঙ্কে মোট মাইনের চাকরি পাওয়ার স্বপ্ন' সফল করবেন তার টিপস নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কে অফিসার ও ক্লার্ক পদের নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে অফিস অ্যাসিস্ট্যান্ট (ক্লার্ক) ও অফিসার স্কেল-। (PO), ও স্কেল-॥ ও স্কেল-॥। মিলিয়ে মোট ১৩,৭০৬টি শূন্যপদ ঘোষণা করা হয়েছে। গ্রামীণ ব্যাঙ্কে নিজের কেরিয়ার গড়ার এটি একটি চমৎকার সুযোগ। এই পরীক্ষার নোটিফিকেশন, আবেদন প্রক্রিয়া, সিলেবাস ও প্রস্তুতির কৌশল সম্পর্কে আলোচনা করা হলো।

**গুরুত্বপূর্ণ সময় ও তারিখ**

**অনলাইন আবেদন ও ফি জমা :**

আবেদন ও ফি জমা দেওয়ার প্রক্রিয়া শুরু হচ্ছে ১ সেপ্টেম্বর, শেষ হচ্ছে ২১ সেপ্টেম্বর, ২০২৬। অফিসার স্কেল-। (PO) প্রিলিমস পরীক্ষা হবে ২১ ও ২২ নভেম্বর, ২০২৬। অফিস অ্যাসিস্ট্যান্ট (Clerk) প্রিলিমস পরীক্ষাটি হবে ৬, ১২ ও ১৩ ডিসেম্বর, ২০২৬। প্রবেশনারি অফিসার পদে মেন পরীক্ষা হবে ২০ ডিসেম্বর, ২০২৬। ক্লার্ক পদের জন্য মেন পরীক্ষা হবে ৩০ জানুয়ারি, ২০২৭।

**আবেদন ফি**

এসসি, এসটি, বিশেষ ভাবে সক্ষম প্রার্থীদের জন্য ১৭৫ টাকা। সাধারণ, ওবিসি ও আর্থিকভাবে দুর্বল প্রার্থীদের জন্য ৮৫০ টাকা।

**আইবিপিএস আরআরবি ২০২৬ পরীক্ষার ধরন :**

অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-১ এর জন্য, ৩টি পর্যায়ের পরীক্ষা থাকবে, যেমন প্রিলিমস, মেন ও ইন্টারভিউ। অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-১, দুটির ক্ষেত্রেই প্রিলিমিনারি পরীক্ষায় রিজনিং-এ ৪০টি প্রশ্নের জন্য ৪০ নম্বর, সময় ২৫ মিনিট থাকবে। নিউমেরিকাল এবিলিটিতে ৪০টি প্রশ্নের জন্য থাকবে ৪০ নম্বর, সময় ২০ মিনিট, অর্থাৎ মোট ৮০টি প্রশ্নের জন্য ৮০ নম্বর ও সময় ৪৫ মিনিট থাকবে।

**মেন পরীক্ষা :** মেন পরীক্ষা মোট ২০০ নম্বরের হয় ও এর জন্য ২ ঘণ্টা (১২০ মিনিট) সময় পাওয়া যায়। রিজনিং এবিলিটি ৪০টি প্রশ্নে ৫০ নম্বর, নিউমেরিকাল এবিলিটিতে ৪০টি প্রশ্নে ৫০ নম্বর, জেনারেল অ্যাওয়ারনেসে ৪০টি প্রশ্নে ৪০ নম্বর, ইংরিজি অথবা হিন্দি ভাষায় ৪০টি প্রশ্নে ৪০ নম্বর, কম্পিউটার সংক্রান্ত জ্ঞানে '৪০টি প্রশ্নে ২০ নম্বর, অর্থাৎ মোট ২০০টি প্রশ্নে ২০০ নম্বর থাকবে, সময় ২ ঘন্টা।

**পরীক্ষার সিলেবাস**

রিজনিং বিভাগে পড়তে হবে পাজলস, সিটিং অ্যারেঞ্জমেন্ট, সিললিজম, ইনইকুয়ালিটি, ব্লাড রিলেশন, কোডিং-ডিকোডিং। কোয়ান্টেটেটিভ অ্যাপটিটিউডে প্রস্তুতির জন্য পড়তে হবে সিমপ্লিফিকেশন (ক্লার্ক পদের জন্য বেশি গুরুত্বপূর্ণ), নম্বর সিরিজ, দ্বিঘাত সমীকরণ (Quadratic Equations), ডেটা ইন্টারপ্রিটেশন (DI) ও পাটিগণিত। জেনারেল অ্যাওয়ারনেসের জন্য পড়তে হবে বিগত ৬ মাসের কারেন্ট অ্যাফেয়ার্স, ব্যাঙ্কিং ও ফিন্যান্সিয়াল অ্যাওয়ারনেস, স্ট্যাটিক জিকে।

**প্রস্তুতির কার্যকরী কৌশল**

পরীক্ষায় সফল হতে গেলে এই ৬০ দিনের পরিকল্পনাটি অনুসরণ করতে পারেন। প্রথমে বেসিক লেভেল মজবুত করুন। প্রথম ২০-২৫ দিন রিজনিং ও কোয়ান্টের প্রতিটি অধ্যায়ের মৌলিক নিয়ম ও শর্টকাট ট্রিকস শিখুন। বিশেষ করে পাজল ও ডিআই-এর ওপর প্রতিদিন জোর দিন। হিসেব করার গতি বাড়ান। প্রতিদিন সকালে ১৫-২০ মিনিট নামতা, বর্গ, ঘনক ও ভগ্নাংশের মান মনে করার অভ্যাস করুন। এটি সিমপ্লিফিকেশন ও ডিআই-তে সময় বাঁচাবে। নিয়মিত মক টেস্ট দিন ও অ্যানালিসিস করার পর্বটি শক্ত করুন। সিলেবাসের ৭০ শতাংশ শেষ হওয়ার পর থেকেই প্রিলিমস পরীক্ষার জন্য সপ্তাহে অন্তত দুটি করে মক টেস্ট দেওয়া শুরু করুন। পরীক্ষা দেওয়ার চেয়েও গুরুত্বপূর্ণ হলো মক টেস্টের ভুলগুলি বিশ্লেষণ করা। মেন পরীক্ষার সাধারণ জ্ঞানের জন্য শেষ মুহূর্তের অপেক্ষায় না থেকে, আজ থেকেই প্রতিদিন ৩০ মিনিট করে কারেন্ট অ্যাফেয়ার্স নোট করুন বা কোনো নির্ভরযোগ্য অ্যাপ থেকে পড়ুন। শেষ মুহূর্তের জন্য এটি ফেলে রাখবেন না।

**স্থানীয় ভাষায় পারদর্শিতা :** মনে রাখবেন, গ্রামীণ ব্যাঙ্কের চূড়ান্ত সিলেকশনের জন্য আপনার রাজ্যের স্থানীয় ভাষায় (যেমন পশ্চিমবঙ্গের জন্য বাংলা) পারদর্শিতা থাকা বাধ্যতামূলক। রিজনিং এর জন্য পাজলস ও গণিতের ডিআই (DI)-এ নম্বর পেতে দৈনিক অনুশীলন করুন। পরীক্ষায় রিজনিং ও কোয়ান্ট বিভাগে সিংহ ভাগ নম্বর থাকে পাজলস ও ডেটা ইন্টারপ্রিটেশন (ডিআই) থেকে। প্রতিদিন অন্তত ৪-৫টি ভিন্ন ধরণের পাজলস ও ডিআই সেট সমাধান করার অভ্যাস করুন। কম্পিউটার বিষয়ের মৌলিক ধারণাগুলি (যেমন- শর্টকার্ট কি (KEY) জেনারেশন, মেমোরি) ভালো করে জানুন। কারণ এতে কম সময়ে ভালো নম্বর তোলা যায়।

**কাজের ধরন**

পদের ওপর ভিত্তি করে কাজের দায়িত্ব ভিন্ন হয়ে থাকে।

**মূল ২টি পদের দায়িত্ব :**

**অফিস অ্যাসিস্ট্যান্ট :** এটি একটি এন্ট্রি-লেভেলের ব্যাঙ্কিং চাকরি, যেখানে সরাসরি গ্রাহকদের সঙ্গে যোগাযোগ করে কাজ করতে হয়। গ্রাহক পরিষেবার কাজের মধ্যে রয়েছে টাকা জমা নেওয়া, ক্যাশ উইথড্রাল বা টাকা তোলা ও অ্যাকাউন্ট খোলার নথি যাচাই করা। দৈনন্দিন ব্যাঙ্কিং অপারেশনসের মধ্যে রয়েছে, পাস বই আপডেট করা, চেক প্রসেসিং ও ব্যাঙ্কের রসিদের হিসেব রাখা। কৃষকদের কৃষি ঋণ বা ক্ষুদ্র ঋণ প্রদানের ক্ষেত্রে প্রাথমিক নথি প্রস্তুত করতে অফিসারদের সাহায্য করা।

**অফিসার স্কেল-১ :** এটি একটি ম্যানেজমেন্ট পদ। গ্রামীণ অর্থনীতির সঙ্গে সরাসরি যুক্ত থাকায় এর দায়িত্ব কিছুটা বৈচিত্র্যময়। ঋণ অনুমোদন (লোন প্রসেসিং)-এর কাজটি গুরুত্বপূর্ণ। গ্রামীণ এলাকার মূল ভিত্তি হলো কৃষি ও ক্ষুদ্র শিল্প (এমএসএমই)। তাই চাষিদের জন্য ক্রপ লোন, ট্রাক্টর লোন ও ছোটো ব্যবসার ঋণ যাচাই ও অনুমোদন করা প্রধান কাজ। সরকারি প্রকল্প বাস্তবায়নে সাহায্য করা, সরকারের বিভিন্ন আর্থিক অন্তর্ভুক্তি বা 'Financial Inclusion' স্কিম (যেমন- জন ধন যোজনা, অটল পেনশন যোজনা ইত্যাদি) গ্রামীণ মানুষের কাছে পৌঁছে দেওয়া। সুষ্ঠু ভাবে ব্যাঙ্কের শাখা পরিচালনার কাজ করা, ব্যাঙ্কের ক্যাশ ব্যালেন্স ঠিক রাখা, ক্লার্কদের কাজ তদারকি করা ও গ্রাহকদের লোন রিকভারির জন্য ফিল্ড ভিজিট করা।

ব্যাঙ্ক, রেল, কনস্টেবল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## রাজ্যের ১২৭টি কোম্পানিতে

# ৪২,২০৮ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

সৈকত হালদার, সল্টলেক : কলকাতার প্রথম সারির ৫০টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৭৭টি কোম্পানি মিলিয়ে মোট ১২৭টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৪২,২০৮ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩০.০৯.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্রাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৯ মাসে চাকরি হয়েছে প্রায় ২,০১১ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়ে— প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো মাইনের (পে-প্যাকেজ) চাকরি চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের 'স্পেশ্যাল প্রফেশনাল ট্রেনিং' — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় '**Talent Acquisition (HR)**' পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে '**HR Executive**' (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি '**HR Manager**' (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপটেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

# দিল্লি হাইকোর্টে ১৫০ অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, দিল্লি : দিল্লি হাই কোর্ট 'পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট', 'সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট' পদে ১৫০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ১১০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। শূন্যপদ : ১১৭টি (জেনাঃ ৪৩, ই.ডব্লু.এস. ১৪, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৩২)। এর মধ্যে প্রতিবন্ধী ১৪।

পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ১০০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। শূন্যপদ : ৩৩টি (ই.ডব্লু.এস. ৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৬)। এর মধ্যে প্রতিবন্ধী ৬।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ইংরিজি টাইপিং টেস্ট, ইংলিশ শর্টহ্যান্ড টেস্ট, মেনস (ডেসক্রিপ্টিভ) টাইপের পরীক্ষা ও ইন্টারভিউ হবে। টাইপিং টেস্ট ও শর্টহ্যান্ড টেস্টে সফল হলে ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা হবে। এই পার্টে থাকবে এইসব বিষয় : প্রবন্ধ লেখা (২৫০ শব্দের মধ্যে) - ৪০ নম্বর, চিঠি লেখা -১৫ নম্বর, গ্রামার ও কমপ্রিহেনশন -২৫ নম্বর, ট্রান্সলেশন (হিন্দি থেকে ইংরিজি) -১০ নম্বর আর ইংরিজি থেকে হিন্দি- ১০ নম্বর। সময় থাকবে ১২০ মিনিট। সফল হলে ১৫ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.delhidistrictcourt.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। এবার পরীক্ষা ফী বাবদ ১,৫০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১,৩০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম এডিট করতে পারবেন ১২ অক্টোবর থেকে ১৪ অক্টোবর পর্যন্ত।

## 'টেট' হবে বছরে ২ বার

১ পাতার পর

সবাইকেই আবার নতুন করে 'টেট' দিয়ে সফল হতে হবে। প্রাইমারির বেলায় 'টেট' নেবে প্রাথমিক শিক্ষা পর্ষদ আর উচ্চপ্রাথমিকের বেলায় 'টেট' নেবে স্কুল সার্ভিস কমিশন। এবার থেকে প্রতি ৬ মাস পর পর বছরে ২ বার 'টেট' হবে। খুব শিগগিরই 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোবে। কবে পরীক্ষা হবে তা এখনো ঠিক হয়নি। সম্ভবত জানুয়ারি-ফেব্রুয়ারিতে 'টেট' হওয়ার সম্ভাবনা আছে।

তুলসীর সরকারি চাকরির সেরা বই

- TULSHIR SSC TET HANDBOOK (Social Studies / Social Science) ₹: 890
- TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET (Arts) ₹: 500
- TULSHIR SSC TET HANDBOOK (Science / Mathematics) ₹: 890
- TULSHIR PRIMARY TET HANDBOOK ₹: 700
- TULSHIR PRIMARY TET PRACTICE SET ₹: 500
- তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ) ₹: 400

Tulshi Publishing
9903210844 /8100480354

## রেলে গ্রুপ 'ডি'র মাঠ পরীক্ষা শুরু

১ পাতার পর

আউটডোর স্টেডিয়াম, ব্যারাক কলোনি, ঝালঝালিয়া, মালদা। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.rrcer.org

বিজ্ঞাপন

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাস ছেলে-মেয়েদের সম্পূর্ণ ফ্রিতে 'জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট ও রেডিওলোজি টেকনিশিয়ান' পদে প্রশিক্ষণ দিয়ে স্বাস্থ্য দপ্তরে কয়েক হাজার চাকরির আবেদন শুরু

সরকারি স্বীকৃত স্বাস্থ্য দপ্তরে একাধিক পদে সম্পূর্ণ ফ্রিতে প্রশিক্ষণ দিয়ে কয়েক হাজার চাকরির জন্য আবেদন পত্র জমা নেওয়া শুরু হয়েছে। প্রশিক্ষণ করার সুযোগ পাবেন নিজের জেলাতে বা নিকটবর্তী জেলাতে এবং তারপর পাবেন স্থায়ী চাকরি। পশ্চিমবঙ্গে ২৩টি জেলায় মোট ৭৬ টি ট্রেনিং ইনস্টিটিউট রয়েছে। প্রত্যেক জেলার ট্রেনিং ইনস্টিটিউটের তালিকা দেখতে পাবেন নিম্নে উল্লেখিত ওয়েবসাইটে। বয়স: ১-লা জুলাই ২০২৭ হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এস টি প্রার্থী-রা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। সমস্ত ট্রেড এর বিবরণ: **জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট:** (ট্রেনিং এর সময়সীমা- ১ বছর, শূন্য পদ-৪৫৫০ টি) ও **রেডিওলোজি টেকনিশিয়ান:** (ট্রেনিং এর সময়সীমা- ২ বছর, শূন্য পদ- ৩৫৮০ টি)। ন্যূনতম মাধ্যমিক পাস ছেলে মেয়েরা আবেদন করতে পারবেন। তবে শুধুমাত্র 'রেডিওলোজি টেকনিশিয়ান' পদের এর বেলায় শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক প্রয়োজন। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারবেন, তবে কোনো ক্ষেত্রেই পার্সেন্টেজ এর কোনো বাধ্যবাধকতা নেই। **ট্রেনিং চলাকালীন প্রত্যেক প্রার্থী, প্রতি মাসে স্টাইপেন্ড পাবেন ১০ হাজার টাকা এবং বাৎসরিক স্কলারশিপ পাবেন ৪০ হাজার টাকা।** ট্রেনিং চলাকালীন উভয় ক্ষেত্রেই হোস্টেল অর্থাৎ থাকা খাওয়ার সুবিধা পাবেন বিনামূল্যে (তবে হোস্টেলে থাকা বাধ্যতামূলক নয়)। সবশেষে সরকারি স্বীকৃত দপ্তরে স্থায়ী চাকরিতে যোগদান করানো হবে এবং তখন পাবেন **প্রতি মাসে ৪০ থেকে ৪৫ হাজার টাকা** সমস্ত সুযোগ সুবিধা সহ। **নির্বাচন পদ্ধতি:** 'কম্পিউটার-বেসড টেস্ট' পদ্ধতিতে প্রবেশিকা পরীক্ষা এর ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। সিলেবাস ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। পশ্চিমবঙ্গে পরীক্ষার সেন্টারগুলি পাবেন: কলকাতা, মেদিনীপুর, বর্ধমান, মালদা ও শিলিগুড়িতে। ফল প্রকাশিত হবে অফিসিয়াল ওয়েবসাইটে, প্রার্থী তার নিজের অ্যাপ্লিকেশন নম্বর এবং জন্ম তারিখ দিয়ে অনুসন্ধান করে রেজাল্টের বিবরণ দেখতে পারবেন। **আবেদন প্রক্রিয়া:** অনলাইনে আবেদনের জন্য এই ওয়েবসাইটে www.gnim.org লগইন করে **'Apply here'** এ ক্লিক করুন। তারপর ব্যাচ নম্বর **'AD/2026/09'** ও ক্যাটাগরি: Health Department সিলেক্ট করে আপনার পছন্দের পদ-টি নির্বাচন করুন। ফর্মটি পূর্ণ করার পর সবশেষে অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন ফিস জমা দিয়ে রেজিস্টার্ড ইমেইল থেকে আপনার আবেদন পত্রটি প্রিন্ট করুন। একজন প্রার্থী একাধিক পদের জন্য আলাদা আলাদা ভাবে অ্যাপ্লিকেশন করতে পারবেন, সে ক্ষেত্রে সেই প্রার্থী আলাদা আলাদা পদের পরীক্ষা দেওয়ার সুযোগ পেতে পারেন। ফ্রি প্রশিক্ষণ-এর **আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ১৫-ই অক্টোবর 2026** পর্যন্ত। কবে, কোথায়, কখন, 'প্রবেশিকা পরীক্ষা' হবে তা ইমেইল এবং এসএমএস এর মাধ্যমে এডমিট কার্ড পাঠিয়ে প্রার্থীদের জানানো হবে। যেকোনো বিষয়ে আরো জানার প্রয়োজন হলে ফোন অথবা হোয়াটস্যাপ করুন সকাল 10 টা থেকে বিকাল 4 টা পর্যন্ত, শনিবার, রবিবার ও অন্যান্য ছুটির দিন বাদ দিয়ে এই নম্বরে: 6290-23-7794, অথবা উপরে উল্লেখিত ওয়েবসাইটের মাধ্যমে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে সরাসরি অফিসে যোগাযোগ করতে পারবেন, অফিসের ঠিকানাঃ 'GNIM Kolkata Regional Branch, EP Block, Sector V, Bidhannagar, Kolkata-700091'.

বিজ্ঞাপন



# ৪৫,৯১১ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

১ পাতার পর

পদ : GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার।
বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩০.০৯.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৬ মাসেই (জানুয়ারি-জুন) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৬১,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **UI/UX Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **UI/UX Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX Designer** লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা ট্যুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। আবার এখনকার AI যুগে শুধুমাত্র UI/UX Designer থাকলেই হবে না — আবার ওই টিমে Product Designer ও থাকতে হবে। এখন এই **Product Designer**-এর কাজটা কি? একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। ভাবুন, আপনাকে একটা ফুড ডেলিভারি অ্যাপ ডিজাইন করার কথা বলা হল। **UI/UX Designer**-রা ওই অ্যাপের আউটলুক অর্থাৎ রঙ, ফন্ট, লেআউট ইত্যাদি এমনভাবে তৈরি করল, যাতে সেটা খুবই আকর্ষনীয় হয়। কিন্তু এখানেই কাজ শেষ হয় না। অ্যাপটিকে কিভাবে জনপ্রিয় করা যায় — সেই গুরুত্বপূর্ণ ধাপটাই নির্ভর করে **Product Designer**-এর কাজের ওপর। **Product Designer** মূলত অ্যাপটির সর্বগ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা ও ইউজার ফ্রেন্ডলিনেস নিয়ে কাজ করে। সোজা বাংলায় বলতে গেলে Product Designer অ্যাপটি ব্যবহারের ক্ষেত্রে ইউজারের সমস্যা মেটাতে বা অ্যাপটির ফিচার কিরকম হবে বা অ্যাপটির ইউজার ফ্লো ও ওয়্যার ফ্রেমস, ইন্টারফেস ডিজাইন ও সর্বোপরি ডেভেলপার ও প্রোডাক্ট ম্যানেজারের সাথে সংযোগ স্থাপন করে অ্যাপটিকে সর্বাধিক জনপ্রিয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**
উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই GenAI বেসড UI/UX Designer ও Product Designer-এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। **শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে** পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই,** যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **GenAI based UI/UX Designer ও GenAI based Product Designer** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই GenAI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস ChatGPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Friendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। আবার প্রোডাক্ট ডিজাইনিংয়ের ক্ষেত্রে এই ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Understand the problem', 'Research Users', 'Create User Flows', 'Develop Wireframes', 'Design UI', 'Build Prototypes', 'Launch', 'Measure & Improve'** এর ব্যবহার বিশেষভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools (Figma AI, Galileo AI, FramerAI, Notion AI, MiroAI) এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects, Relume, Midjourney, Uizard এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে এই ট্রেন্ডের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত **১০টির ওপর AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই GenAI বেসড UI / UX ডিজাইনিং ও প্রোডাক্ট ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX** ডিজাইনিং (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা প্রোডাক্ট ডিজাইনিং ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'প্রোডাক্ট ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই এই ট্রেনিং নিতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা । (১২) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **GenAI based UI/UX Designer ও GenAI based Product Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) এই ট্রেনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৭০টি থেকে ৮০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি**

# বিমা সংস্থায় ২০০

১ পাতার পর

মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৮২,৪৮৫-১,৫৬,৭৪৫ টাকা। শুরুতে মেট্রো শহরের চাকরি হলে মোট মাইনে মাসে প্রায় ১,১০,০০০ টাকা। এছাড়াও অন্যান্য ভাতা পাবেন। শূন্যপদ : ২০০টি (জেনাঃ ৬৮, ই.ডব্লু.এস. ২২, ও.বি.সি. ৬২, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৮)। এর মধ্যে প্রতিবন্ধী ১১টি। এই পদের বিজ্ঞপ্তি নং : HO:HRM:REC:AO:1:2026, Date: 7-9-2026.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ২২ অক্টোবর। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে (ক) রিজনিং- ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘন্টা। সফল হলে অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের মেনস পরীক্ষা হবে ৩০ নভেম্বর। অবজেক্টিভ টাইপের পার্টে ২৫০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) রিজনিং-৬০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৬০ নম্বরের ৫০টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস (ফিনান্সিয়াল সেক্টর স্পেশালাইজেশন হিসাবে) -৬০ নম্বরের ৪০টি প্রশ্ন, (ঙ) কম্পিউটার নলেজ - ২০ নম্বরের ২০ টি প্রশ্ন। সময় থাকবে ১৫০ মিনিট। সফল হলে ৩০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের টেস্ট হবে। এই টেস্টে চিঠি লেখায় ১০ নম্বর, প্রবন্ধ লেখায় ২০ নম্বর থাকবে। সময় থাকবে ৩০ মিনিট। এরপর হবে ইন্টারভিউ। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে: পশ্চিমবঙ্গ : কলকাতা/ গ্রেটার কলকাতা, আসানসোল, শিলিগুড়ি। অসম : ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, শিলচর। ত্রিপুরা : আগরতলা। ঝাড়খন্ড: জামশেদপুর, রাঁচী। ওড়িশা : বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা। বিহার : ভাগলপুর, গয়া, পটনা।

দরখাস্ত করবেন অনলাইনে ২৮সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.uiic.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা (তপশিলী ও প্রতিবন্ধী হলে ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এরপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## কেন্দ্রে ২,৫৩৬ ক্লার্ক, অপারেটর

১ পাতার পর

অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া ছাড়া) পদের জন্য আবেদন করতে পারেন।

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ১৫,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ মিনিস্ট্রি অফ কনজিউমার অ্যাফেয়ার্স, ফুড অ্যান্ড পাব্লিক ডিস্ট্রিবিউশন, মিনিস্ট্রি অফ কালচার' পদের জন্য আবেদন করতে পারেন।

সব পদের বেলায়ই এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য, তবে তাঁদের বেলায় ৭ অক্টোবরের মধ্যে পাশ করে থাকতে হবে। উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ০১-০৮-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২৮-১৯৯৯ থেকে ১-৮-২০০৮'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

মূল মাইনে : লোয়ার ডিভিশন ক্লার্ক/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। ডাটা এন্ট্রি অপারেটর পদে ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ :২৫৩৬টি। পদ অনুযায়ী ও ক্যাটেগরিভিত্তিক কোন রাজ্যে ক'টি শূন্যপদ আছে তা পরে জানানো হবে। তপশিলী, ও.বি.সি., ই.ডব্লু.এস., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত আছে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। কবে পরীক্ষা হবে তা পরে জানানো হবে।

প্রথম পর্যায়ের পরীক্ষা হবে পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), মালদা (৪৪১২), সিউড়ি (৪৪১৬), বর্ধমান (৪৪২২), দুর্গাপুর (৪৪২৬), কল্যাণী (৪৪১৯), গ্যাংটক (৪০০১), রাঁচী (৪২০৫), বেরহামপুর (ওড়িশা) (৪৬০২), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), পোর্ট ব্লেয়ার (৪৮০২), জামশেদপুর (৪২০৭), রৌরকেলা (৪৬১০), ঢেঙ্কানল (৪৬১১), ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১), ইটানগর (৫০০১), ডিমাপুর (৫৩০১)।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত সময় পাবেন। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা।

দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-।'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স-৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর।

সেকশন-২'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন -১ ও সেকশন -২-এ সময় থাকবে ১ ঘন্টা।

সেকশন-৩'এ থাকবে ৪৫ নম্বরের ১৫টি প্রশ্ন কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট। দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্তনম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-।।'এর বেলায় সেকশন-১, সেকশন-২ ও সেকশন -৩'এর মডিউল-১'এর প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সব ক্ষেত্রেই উত্তর দিতে হবে 'ও.এম.আর.' শীটে।

সেকশন-।।।-তে থাকবে স্কিল টেস্ট বা, টাইপিং টেস্ট। ডাটা এন্ট্রি অপারেটর পদের বেলায় ১৫ মিনিটের স্কিল টেস্ট হবে আর লোয়ার ডিভিশন ক্লার্ক বা, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ১৫ মিনিটের টাইপিং টেস্ট হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://ssc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে সিগনেচার (৬x২ সেমি) জে.পি.জি. ফর্ম্যাটে ১০ কে.বি. থেকে ২০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো স্ক্যান করতে হবে না। দরখাস্ত করার সময়ই ফটো ক্যাপচার করতে হবে। ফটো তোলার সময় ব্যাকগ্রাউন্ডে পর্যাপ্ত আলো থাকতে হবে। ক্যামেরা আই লেভেলে থাকতে হবে। টুপি, চশমা পরে ফটো ক্যাপচার করা যাবে না।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন আপনা থেকেই রেজিস্ট্রেশন নম্বর তৈরি হয়ে যাবে। তখন ওই রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা এস.বি.আই চালান / নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড বা, ডেবিট কার্ডে জমা দিতে পারবেন ৮ অক্টোবরের মধ্যে। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে যাঁরা জমা দেবেন, তাঁরা নাম রেজিস্ট্রেশনের সঙ্গে সঙ্গেই জমা দিতে পারবেন। এইভাবে টাকা জমা দেওয়ার পর আবার ওই ওয়েবসাইটে গিয়ে স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। ফটো ও সিগনেচার আপলোড করার পর সাবমিট করলে তবেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। এরপর ওই কনফার্মেশন প্রিন্ট করে নেবেন। তখন ওই কনফার্মেশন ই-মেল করেও পাঠানো হবে। ফর্ম পূরণে কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ১৪ থেকে ১৬ অক্টোবর।




*শ্রীমতী টেকনো ইনস্টিটিউটের উদ্যোগে সল্টলেকের সিটি সেন্টারে C-II হলে ১১ ও ১২ সেপ্টেম্বর ২ দিন ধরে বার্ষিক ইভেন্ট 'THINKING 2K26' ও 'PRISMATIC 2K26' (ফ্যাশন শো) হয়। প্রথম ইভেন্টে ছিল ইন্টিরিয়র এক্সিবিশন ও সেমিনার। শিক্ষার্থীদের তৈরি কাজের সৃজনশীল ভাবনার প্রকাশ ছিল সব স্টলেই। এর মধ্যে বিশেষভাবে আকর্ষণীয় ইভেন্ট ছিল 'লাইভ ফ্যাশন শো'। এই অনুষ্ঠানে, প্রতিষ্ঠানের ছেলেমেয়েদের তৈরি নানান ভাবনার (থিম) পোশাক র‍্যাম্পে উপস্থাপিত করা হয়। বিচারক হিসাবে ছিলেন শান্তনু ঠাকুর, মডেল রূপ বক্সি, অধ্যাপক ড. সুবর্ণ ঘোষ, অভিনেতা অরিজিৎ দত্ত ও জ্যোতিষি ড. সোহিনী শাস্ত্রী। অনুষ্ঠানের সাজ-সজ্জা ও ব্যক্তিত্ব বিকাশের সহযোগী প্রতিষ্ঠান ছিল ভি.এল.সি.সি। শ্রীমতী টেকনো ইনস্টিটিউটের ডিরেক্টর বি.এন পতি জানান, ছেলেমেয়েদের সৃজনশীল ভাবনাকে উৎসাহ জোগাতে প্রতি বছরই এ ধরনের ইভেন্ট করা হয়।*

## চাকরির পরীক্ষার আরো খবরাখবর

### বিমানবাহিনীর AFCAT পরীক্ষার ফল

ভারতীয় বিমানবাহিনীর 2/2026'এর 'এয়ার ফোর্স কমন অ্যাডমিশন টেস্ট (AFCAT)'এর ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://afcat.edcil.co.in

### রেলের টেকনিশিয়ান পদের কম্পিউটার টেস্ট

ভারতীয় রেলের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং 2/2026'এর টেকনিশিয়ান গ্রেড-। ও টেকনিশিয়ান গ্রেড-।।। পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ৬ থেকে ৯ অক্টোবর। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে।

### রেলের সেকশন কন্ট্রোলার পদের কম্পিউটার টেস্ট

ভারতীয় রেলের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং 3/2026'এর সেকশন কন্ট্রোলার পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ১২ ও ১৩ অক্টোবর। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে।

### দিল্লি পুলিশের কনস্টেবল পদের ফিজিক্যাল পরীক্ষা ১৮ সেপ্টেম্বর থেকে

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের দিল্লি পুলিশের কনস্টেবল (এক্সিকিউটিভ) পদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ১৮ সেপ্টেম্বর থেকে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://sscnr.nic.in

### কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষা ৩০ সেপ্টেম্বর থেকে

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৬ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের টায়ার-।'এর কম্পিউটার বেসড টেস্ট হবে ৩০ সেপ্টেম্বর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in

## কীভাবে আইটিআই ব্যাকগ্রাউন্ড থেকে ওয়েব ডিজাইনিংয়ে হ্যান্ডসাম মাইনের চাকরি পেলাম



সুমন সাঁফুই
UI/UX ডিজাইনার

আমি, সুমন সাঁফুই। আইটিআই থেকে পাশ করার পর ২০২৪ সালে আমি মার্চেন্ট নেভিতে সিলেক্টেড হই। খুব খুশি ছিলাম। বলা চলে — 'একদম উড়ছিলাম'। কিন্তু আপনি ভাবেন এক — হয় আর এক। জয়েনিং-এর ঠিক আগেই আমার খুব বাজে একটা 'অ্যাক্সিডেন্ট' হয়। ফলে আমার আর মার্চেন্ট নেভিতে জয়েন করা হয় না। তখন চূড়ান্তভাবে হতাশায় ভুগছিলাম। কোনো দিকে কিছু কূলকিনারা পাচ্ছিলাম না। মনে হচ্ছিল 'এটাই আমার কেরিয়ারের দি এন্ড'। যাই হোক, অভ্যাসবশত প্রতি সপ্তাহে 'কর্মসংস্থান' কাগজ বাড়িতে রাখতাম। আর ঠিক ওখানেই পড়া একটা 'ইনফরমেশন' আমার জীবন বদলে দিল। ওখানেই প্রথম জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। কোথাও যেন কিছু একটা 'ক্লিক' করল। কেন জানি না, মনে হল আমি পারব। সরাসরি ওই ইনস্টিটিউটে ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার নিজের ওপর নিজেরই কোনো 'এক্সপেক্টেশন' ছিল না। কিন্তু ওখানে যাওয়ার পর বেশ অবাক হয়েছিলাম। আমার তখন যেরকম অবস্থা, সেটা ওখানকার কাউন্সিলারদের পুরোপুরি খুলে বললাম। কোথাও যেন 'আশার আলো' দেখতে পেলাম। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করলেন। আমার পুরো মানসিক (কনফিডেন্স একদম তলানিতে ছিল) অবস্থা বুঝে, ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৬ থেকে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পেয়ে, আবার ঘুরে দাঁড়াতে পারব সেই ব্যাপারে ওঁরা সম্পূর্ণ গাইডলাইন তৈরি করে দিয়েছিল। কাউন্সিলারদের পরামর্শ মত আমি UI/UX Designing কোর্সে ভর্তি হই। এটি ৬ মাসের কোর্স। এখানে মূলত কোনো অ্যাপ বা ওয়েবসাইট দেখতে কেমন হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা PwC-এর মতে আগামী ২ বছরের মধ্যে UI/UX Designing-এ চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১৫-২০ হাজার লোক লাগে) ৩৬% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি হবে। আবার এই ট্রেনিং নিলে ভবিষ্যতে ভালো পে-প্যাকেজও পাওয়া যাবে। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এরা ইউজার ফ্রেন্ডলি, ট্রেইন্ড বেসড, মডার্ন, ডায়নামিক ও ফিচার বেসড দুর্দান্ত অ্যাট্রাকটিভ অ্যাপ কিভাবে তৈরি করতে হয় (যাতে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ সবচেয়ে বেশি হয়) তা অত্যন্ত প্রফেশনালভাবে শেখায় — যা এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানিতে 'Most attractive pay package'এ প্লেসড হতে সাহায্য করে। এবছরে আমার ট্রেনিং শেষ হয়। শেষ হওয়ার আগেই আমি একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। প্রথম মাস থেকেই আমি রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পেতাম। ৬ মাস পর আমি একটি নামী সংস্থায় UI/UX ডিজাইনার হিসাবে চাকরি পাই। এখন আমি বছরে যে প্যাকেজ পাব — আজ থেকে ৯ মাস আগে তা আমি ভাবতেই পারতাম না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ থেকে ৯ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## পাব্লিক সার্ভিসের

■ *পঞ্চায়েতে পরীক্ষার জন্য নাম রেজিস্ট্রেশন করতে হবে কি? এখন কি নাম রেজিস্ট্রেশন হচ্ছে? গ্রাম পঞ্চায়েতের পরীক্ষা কি পি.এস.সি. নেবে? সিলেবাস কি বদল হবে? — সুরজিৎ দে, দেবযানী পার্ক, সুভাষগ্রাম, দক্ষিণ ২৪ পরগনা। আরতি দাস, নোনা চন্দননগর, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ পঞ্চায়েত পরীক্ষার জন্য নতুন করে নাম রেজিস্ট্রেশন করতে হবে না। যাঁরা আগে নাম রেজিস্ট্রেশন করেছিলেন, তাঁদেরও ওই রেজিস্ট্রেশনে কোনো কাজ হবে না। পঞ্চায়েত দফতরে বিভিন্ন পদে নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে। বিজ্ঞপ্তি বেরোলে পি.এস.সি.'র ওয়েবসাইটে গিয়ে নতুন করে সবাইকেই দরখাস্ত করতে হবে। প্রার্থী বাছাই পরীক্ষা নেবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। পরীক্ষার সিলেবাস বদল হবে।

■ *২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছে শুনছি। কিন্তু ওয়েবসাইটে দেখা যাচ্ছে না। তাহলে ২০২৬ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তিও কি বেরোবে এবছর? — কিশলয় রায়চৌধুরী, বারুইপুর, কলকাতা -৭০০ ১৪৪। পিয়ালী ঘোষ, বিড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি পি.এস.সি.'র ওয়েবসাইটে কিছুক্ষণের জন্য দেওয়া হয়েছিল। তারপর তা তুলে নেওয়া হয়। তাই যে কোনো দিনই বিজ্ঞপ্তি বেরোবে। পরীক্ষা হবে সম্ভবত নভেম্বরের শেষের দিকে। ২০২৬ সালের বিজ্ঞপ্তি এবছর বেরোনোর সম্ভাবনা কম। তবে ২০২৭ সালের প্রথমেই বিজ্ঞপ্তি বেরোবে।

## ডাক বিভাগের

■ *গ্রামীণ ডাক সেবক পদের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে দরখাস্ত করেছি। মাধ্যমিকে ৮৯% নম্বর আছে। সুযোগ পাব কি? এই পদের বেলায় কীভাবে প্রার্থী বাছাই হয়? যাঁরা আগে মাধ্যমিক পাশ করেছেন, তাঁরা কি প্রেফারেন্স পাবেন? মেরিট লিস্ট কীভাবে তৈরি হয়? এটি কি স্থায়ী চাকরি না, চুক্তিভিত্তিক চাকরি? পেনশন দেওয়া হয় কি? কেন্দ্রীয় সরকারি কর্মীদের মতো সুযোগ-সুবিধা পাওয়া যায় কি? — সঞ্চিতা চৌধুরী, নবপল্লী, বারাসাত, উত্তর ২৪ পরগনা। মহঃ জাভেদ, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। প্রীতিলতা ঘোষ, বেড়াবেড়ি, সিঙ্গুর, হুগলি।*

■■ গ্রামীণ ডাক সেবক পদে দরখাস্ত করার শেষ তারিখ ১৯ সেপ্টেম্বর। যাঁরা এখনো দরখাস্ত করেননি, তাঁরা এখনই দরখাস্ত করতে পারেন। এই পদের জন্য প্রার্থী বাছাই হয় মাধ্যমিকে পাওয়া নম্বরের ওপর ভিত্তি করে। উচ্চশিক্ষাগত যোগ্যতার জন্য অতিরিক্ত কোনো সুযোগ পাবেন না। আগে যাঁরা মাধ্যমিক পাশ করেছিলেন, তাঁদের নম্বর হয়তো এখনকার তুলনায় কম, তাও তাঁরা বাড়তি কোনো সুবিধা পাবেন না। সবার জন্য একই পদ্ধতিতেই মেরিট লিস্ট তৈরি হবে। তবে আগের প্রার্থীরা কিছু ক্ষেত্রে সুবিধা পেয়ে থাকেন। যেমন আগে পাশ করা আর এখনকার পাশ প্রার্থীর নম্বর যদি একই হয়, তাহলে আগের প্রার্থী আগে সুযোগ পাবেন বয়স অনুযায়ী, ক্যাটেগরি অনুযায়ী। যে কেন্দ্রে দরখাস্ত করবেন, সেই কেন্দ্রের মেরিট লিস্ট আলাদা হয়। সর্বভারতীয় বা, জেলাভিত্তিক মেরিট এখানে হয় না। সেই জন্য দেখা যায়, কোনো কেন্দ্রে ৯৭ শতাংশ নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পাননি, কিন্তু অন্য কোনো কেন্দ্রে ৯০ শতাংশ নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পেয়েছেন। গ্রামীণ ডাক সেবক পদটিকে কেন্দ্রীয় সরকারের 'এক্সট্রা ডিপার্টমেন্টাল কর্মী' বলা হয়। তবে কখনোই কেন্দ্রীয় সরকারি কর্মী বলে দাবি করতে পারবেন না। কেন্দ্রীয় সরকারের মতো কোনো সার্ভিস বুক এখানে থাকে না। তবে এটি চুক্তিভিত্তিক চাকরিও নয়। ৬৫ বছর বয়স পর্যন্ত চাকরি করতে পারবেন। দৈনিক ৫ ঘন্টা করে কাজ করতে হবে, তবে তার সময়সীমা বাড়তেও পারে। স্থায়ী চাকরি হলেও কেন্দ্রীয় সরকারি কর্মীর মতো অন্যান্য সুযোগ সুবিধা পাবেন না। এই পদে ৩ বছর চাকরি করার পর ডিপার্টমেন্টাল পরীক্ষা দিয়ে প্রোমোশন পেয়ে ডায়রেক্ট পোস্ট অফিসের কর্মী হতে পারেন। কেন্দ্রীয় সরকারি কর্মীদের মতোই বেসিক মাইনের সঙ্গে মহার্ঘ ভাতা দেওয়া হয়। জি.ডি.এস. পদে কোনো পেনশন নেই। চাকরির শেষে এককালীন টাকা দেওয়া হয়।

## সমবায় ব্যাঙ্কের

■ *কো-অপারেটিভ সার্ভিস কমিশনের পরীক্ষা কবে হবে? — সৌরভ হালদার, রানাঘাট, নদিয়া।*

■■ কো-অপারেটিভ সার্ভিস কমিশনের কোনো পদেরই পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। তবে কো-অপারেটিভ সার্ভিস কমিশন উঠে যেতে পারে। সেক্ষেত্রে এই কমিশন অন্য রিক্রুটমেন্ট এজেন্সির সঙ্গে যোগ হতে পারে। তাই পরীক্ষা হতে দেরি আছে।

## পুলিশে চাকরির

■ *কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের পরীক্ষায় কি এবার থেকে বাংলা বিষয় থাকবে? পরীক্ষার সিলেবাস কি বদলাবে? — কাজল বণিক, হাবড়া, উত্তর ২৪ পরগনা। জাকির হোসেন, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ রাজ্য সরকার সব দফতরেই বাংলা ভাষায় কাজ করা বাধ্যতামূলক করেছে। তাই এবার থেকে রাজ্য সরকারের সব পদের চাকরির জন্য বাংলা ভাষা পেপারের পরীক্ষা দিতে হবে। হয় প্রিলিমিনারিতে কিংবা মেনস'এ। পুলিশের কনস্টেবল পদের প্রিলি ও মেনস কোনোটাতেই বাংলা ভাষা পেপার নেই। তাই এখানে বাংলা ভাষা পেপারের পরীক্ষা দিতে হবে। পুলিশের সাব-ইন্সপেক্টর, সার্জেন্ট, ডব্লু.বি.বি.এস., পি.এস.সি. ক্লার্কশিপ, মিসলেনিয়াস সার্ভিসেস'এর মেনস পরীক্ষায় বাংলা ভাষা পেপারের পরীক্ষা দিতে হয়, তাই এখানে নতুন করে আর বাংলা ভাষা পেপার যুক্ত হবে না।

## ব্যাঙ্কে চাকরির

■ *আই.বি.পি.এস. ক্লার্ক পদের বেলায় ও.বি.সি. প্রার্থীদের কি করণীয়? — রাহুল হাল, জঙ্গিপাড়া, হুগলি।*

■■ কেন্দ্রীয় ও.বি.সি. তালিকায় যে সব ও.বি.সি. প্রার্থীদের নাম আছে, সেই অনুযায়ী দরখাস্ত করলে ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাবেন।

## কোর্স ও ট্রেনিং

■ *বি.এড. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি কবে বেরোবে? — অস্মিতা দে, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ সরকারি বি.এড. কলেজে বি.এড. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি বেরিয়েছে। বেসরকারি কলেজগুলির অ্যাফিলিয়েশন নিয়ে সমস্যা মিটলেই বিজ্ঞপ্তি বেরোবে। আগামী দিনে বি.এড. কলেজগুলি আর BSAEU-এর অধীনে থাকবে না। সংশ্লিষ্ট এলাকার বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলি যুক্ত হবে।

# ব্যবসা

# প্লাস্টার অফ প্যারিসের তৈরি মূর্তি ও ফলস সিলিংয়ের ব্যবসা


**নিজস্ব প্রতিনিধি** : শহর ও আধা শহরের বাড়ি, অফিস ও কমার্শিয়াল অডিটোরিয়ামে ঘরের ছাদের ফলস সিলিংয়ের জন্য প্লাস্টার বোর্ডের চাহিদা এখন ক্রমশ বাড়ছে। প্লাইউড, হার্ড বোর্ড ও অন্যান্য ফলস সিলিং করার সামগ্রীর চেয়ে প্লাস্টার বোর্ড দামে সস্তা। তাই ডিজাইনিং বা ইন্টেরিয়র ডেকরেশনের কাজে আগ্রহী ছেলেরা এই লাভজনক ব্যবসা বেছে নিতে পারেন। তাপ অপরিবাহী ও অগ্নি-নিরোধক হওয়ায় পার্টিকল বোর্ডের চেয়েও এর চাহিদা বেশি। তাছাড়া এই বোর্ডে নানান সূক্ষ্ম ছবি ও ডিজাইন করা যায় বলে দেওয়াল ঢাকতে বা পার্টিশন দেওয়াল করতেও ওই বোর্ড ব্যবহৃত হয়। ১,০০০ বর্গ মিটার ঘেরা জায়গায় বিদ্যুৎ ছাড়াই এই ব্যবসা করা যায়। প্লাস্টার বোর্ড সাধারণত বিভিন্ন মাপের ও বিভিন্ন ডিজাইনের হয়। কিন্তু উচ্চতা কোনো ক্ষেত্রেই আধ ইঞ্চির বেশি হবে না।

**যন্ত্রপাতি** : এই ব্যবসায় কোনো যন্ত্রপাতি লাগবে না। লাগবে কিছু সরঞ্জাম আর হাতের কাজের দক্ষতা। সরঞ্জাম বলতে লাগবে ঃ (১) পালিশ করা মার্বেল পাথরের স্ল্যাব বসানো কাঠের টেবিল, (২) বিভিন্ন ডিজাইনের ছাঁচ বা মোল্ড, (৩) বাটালি, ছুরি, হাতুড়ি ইত্যাদি।

**কাঁচামাল** : কাঁচামাল বলতে লাগবে প্লাস্টার অফ প্যারিস। এই প্লাস্টার অফ প্যারিস তৈরি হয় 'জিপসাম' নামক এক ধরনের খনিজ পদার্থ থেকে। এই জিপসাম খনিজ পদার্থ ভারতে আছে তামিলনাড়ু, রাজস্থান ও কর্ণাটক প্রদেশের বিভিন্ন খনিতে। এই খনিজ পদার্থ থেকে প্লাস্টার অফ প্যারিস তৈরির প্রচুর কারখানা আছে আজমেঢ়, নাগাউর, যোধপুর, টুটিকোরিণ, চেন্নাই ও রাজাজী নগরে। ওইসব প্রদেশ থেকে প্লাস্টার অফ প্যারিস কিনে পাইকারি দরে বিক্রির জন্য প্রচুর পাইকার আছে কলকাতা, গুয়াহাটি, শিলিগুড়ি, পটনা, রাঁচী ও আগরতলায়।

**কোথায় কী পাবেন** ; প্লাস্টার অফ প্যারিস টন দরে পাবেন এই ঠিকানায় ঃ ক্যালকাটা মিনারেল সাপ্লাই কোম্পানি প্রাইভেট লিমিটেড, ৩১, জ্যাকসন লেন, কলকাতা - ৭০০ ০০১। এছাড়া পাইকারি দরে পাবেন এইসব ঠিকানায় ঃ (১) কৃষ্ণা মিনারেল সাপ্লাই কোম্পানি, ৩১, জ্যাকসন লেন (ইন্দ্রকুমার কামানি স্ট্রিট), কলকাতা - ৭০০ ০০১, (২) ইউনিভার্সাল প্লাস্টার ইন্ডাস্ট্রিজ, ২০বি, বেলুড় রোড, লিলুয়া হাওড়া, (৩) কৃষ্ণা এন্টারপ্রাইজেস, ৫, ডঃ রাজেন্দ্র প্রসাদ সরণি (ক্লাইভ রো), তৃতীয় তল, রুম নং ৪৫, কলকাতা ৭০০ ০০১।

**কীভাবে তৈরি করবেন** : প্রথমে মার্বেল পাথরের টেবিলের ওপর যে ডিজাইন বা ছবির প্লাস্টার বোর্ড তৈরি করবেন তার ছাঁচ রেখে, তার ভেতর লুব্রিকেটিং তেল বা সাবান-জল ঢেলে পিচ্ছল বা তৈলাক্ত করে নিন। এরপর প্লাস্টার বোর্ড সাদা রঙের না করে যদি অন্য রঙের করেন, তবে সেই রঙ, আর সাদা রঙের হলে জিঙ্ক অক্সাইড নেবেন। এই রঙ বা জিঙ্ক অক্সাইডের সঙ্গে প্লাস্টার অফ প্যারিস একটি পলিথিন শীটে মিশিয়ে নিন। এরপর একটি বড়ো পলিথিন বাকেটে ওই মিশ্রণ ঢেলে তাতে পরিমাণ মতো জল ঢেলে কাঠের হাতা বা লাঠি দিয়ে ভালোভাবে নেড়ে নিন। মিশ্রণ যখন কাদা-কাদা ও আঠালো হবে তখন তা তুলে ছাঁচ বা মোল্ডের ভেতর ঢালুন। এরপর ছাঁচের ভেতর চেপে দিয়ে, ছাঁচের ওপরের দিক কাঠের পাটাতন দিয়ে থাপড়ে দিন। এরপর তার ওপর কয়্যার ফাইবার, পাট, বাঁশ বা বেত রেখে চেপে দিন। এই চাপের ফলে প্লাস্টার অফ প্যারিস ঢালাই হয়ে যাবে। এইভাবে কয়েক ঘন্টা চাপে রাখার পর ওই চাপ সরিয়ে ছাঁচগুলি কোনো ছায়াঘেরা জায়গায় ৩-৪ দিন ফেলে রেখে শুকিয়ে নেবেন। কিন্তু রোদে রাখবেন না। শুকিয়ে গেলে ছাঁচ থেকে প্লাস্টার বোর্ড তৈরির এই ছাঁচ করিয়ে নিতে হবে। যিনি যে ডিজাইনের প্লাস্টার বোর্ড তৈরি করবেন, তিনি সেই ডিজাইন এঁকে বা আঁকিয়ে নিয়ে রাবারের সামগ্রী যাঁরা তৈরি করেন তাঁদের কাছে নিয়ে গিয়ে রাবারের মোল্ড করিয়ে নেবেন। শুধুমাত্র ছাঁচ করানোর সময় খেয়াল রাখবেন ছাঁচের ভেতরের গভীরতা যেন আধ ইঞ্চি থাকে।



কলকাতায় এই রাবারের মোল্ড তৈরি করাতে পারবেন বেলেঘাটার তপসিয়া অঞ্চলে। প্লাস্টার অফ প্যারিসের মূর্তি যাঁরা তৈরি করতে চান, তাঁরাও একইভাবে মূর্তিটির রাবারের মোল্ড বা ছাঁচ তৈরি করে নিলে, একই পদ্ধতিতে প্লাস্টার অফ প্যারিসের মূর্তি তৈরি করতে পারবেন।

**প্লাস্টার বোর্ড তৈরির স্কিম**

**ব্যয় বিশ্লেষণ**

| **স্থায়ী মূলধন ঃ** | টাকা |
|---|---|
| (ক) ঘর ও কারখানা | ভাড়ায় |
| (খ) সরঞ্জাম : | |
| (১) ৩টি মার্বেল পাথরের স্ল্যাব বসানো কাঠের ৪×৬ ফুট মাপের টেবিল | ৪০,০০০ |
| (২) বিভিন্ন ডিজাইনের ছাঁচ | ২০,০০০ |
| (৩) অন্যান্য সরঞ্জাম | ৩,০০০ |
| (৪) জল রাখার বড়ো ট্যাঙ্ক | ১৩,০০০ |
| | ৭৬,০০০ |

| **(২) আবর্তক ব্যয় (মাসিক)** | |
|---|---|
| **(ক) কাঁচামাল** | |
| (১) ১৮ টন প্লাস্টার অফ প্যারিস (৬,০০০ টাকা টন দরে) | ১,০৮,০০০ |
| (২) ১ টন পাট, চট, শিশল বা কয়্যারের ফাইবার | ৫,৫০০ |
| **(খ) মাইনে** | |
| (১) ২ জন দক্ষ কর্মী | ২০,০০০ |
| (২) ১ জন সেলসম্যান | ২০,০০০ |
| (৩) ২ জন অদক্ষ কর্মী | ৯,০০০ |
| **(গ) অন্যান্য ব্যয়** | |
| (১) বাড়ি ভাড়া | ২,৫০০ |
| (২) পরিবহণ ব্যয় | ২,৫০০ |
| (৩) প্যাকেজিং ব্যয় | ৫,০০০ |
| (৪) বিবিধ ব্যয় | ১০০০ |
| | ১,৭৩,৫০০ |

| **৩। মোট বিনিয়োগ :** | |
|---|---|
| (ক) স্থায়ী মূলধন : | ৭৬,০০০ |
| (খ) চলতি মূলধন : | ১,৭৩,৫০০ |
| | ২,৪৯,৫০০ |

**৪। আনুমানিক লাভ-ক্ষতির হিসাব (মাসিক)**


| ব্যয় | টাকা | আয় | টাকা |
|---|---|---|---|
| ১। কাঁচামাল | ১,১৩,০০০ | ২,২০০ বর্গ মিটার | |
| ২। মাইনে | ৪৯,০০০ | প্লাস্টার বোর্ড | |
| ৩। অন্যান্য ব্যয় | ১০,৫০০ | বিক্রি বাবদ | |
| ৪। সরঞ্জামের ওপর বার্ষিক ১০% হারে অবচয় বাবদ | ৬৩৩ | (১৫০ টাকা বর্গ মিটার হিসাবে) | ৩,৩০,০০০ |
| ৫। বিনিয়োগের ওপর বার্ষিক ১৫% হারে সুদ বাবদ | ৩,১১৮ | | |
| ৭। নীট লাভ | ১,৫৩,৭৪৯ | | |
| | ৩,৩০,০০০ | | ৩,৩০,০০০ |

# মিসলেনিয়াস স্পেশাল

1. বারাতাং আইল্যান্ড ম্যানগ্রোভ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) আন্দামান ও নিকোবর (B) লাক্ষাদ্বীপ (C) গুজরাট (D) ওড়িশা
2. 'শিগমো' উৎসব ভারতের কোন রাজ্যে পালিত হয়?
(A) ত্রিপুরা (B) গোয়া (C) মেঘালয় (D) সিকিম
3. 'ম্যাগনাকার্টা' বলা হয় কোনটিকে —
(A) মৌলিক কর্তব্য (B) মৌলিক অধিকার (C) DPSP (D) B ও C উভয়
4. নিচের কোন পরিস্থিতিতে Article 356 প্রয়োগের ক্ষেত্রে Supreme Court-এর S.R. Bommai রায় বিশেষভাবে গুরুত্বপূর্ণ?
(A) রাজ্যে সাংবিধানিক যন্ত্রের ব্যর্থতা (B) রাষ্ট্রপতির নির্বাচন (C) সংসদের যৌথ অধিবেশন (D) অর্থ কমিশনের গঠন
5. 'বিশ্ব ক্যান্সার দিবস' পালিত হয় কবে?
(A) 2 February (B) 4 February (C) 6 February (D) 4 March
6. ভারতীয় সংবিধানকে কে 'আইনজীবীদের স্বর্গরাজ্য' বলেছেন?
(A) কে.এম. মুন্সি (B) আইভর জেনিংস (C) কেসি ওয়ার (D) ঠাকুরদাস
7. MIKE প্রকল্প কীসের সঙ্গে যুক্ত?
(A) একশৃঙ্গ গণ্ডার (B) তুষার চিতা (C) ঈগল (D) হাতি
8. ভারতের প্রথম রাজ্য হিসাবে প্রথম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত কৃত্রিম বুদ্ধিমত্তাকে মূল বিষয় হিসাবে চালু করেছে কোন রাজ্য?
(A) গুজরাত (B) কর্ণাটক (C) পঞ্জাব (D) মহারাষ্ট্র
9. নিচের কোনটি সন্ধিগত মৌল নয় —
(A) Cl (B) Ni (C) Zn (D) Mn
10. ভারতীয় ফুটবল দল প্রথম অলিম্পিকে অংশগ্রহণ করে কত সালে?
(A) 1967 (B) 1948 (C) 1952 (D) 1963
11. 'ম্যাসাঞ্জোর' বাঁধ কোন নদীর ওপর অবস্থিত?
(A) বরাকর (B) ময়ূরাক্ষী (C) কংসাবতী (D) মহানন্দা
12. 'মুসলিম লিগ' প্রতিষ্ঠা হয় কত সালে?
(A) 1906 (B) 1916 (C) 1907 (D) 1905
13. উড়োজাহাজের ভিতরে থাকা ব্ল্যাক বক্সের রঙ কী?
(A) কালো (B) হলুদ (C) কমলা (D) বাদামি
14. সংবিধান সংশোধন সংবিধানের কততম অধ্যায়ে আছে?
(A) 18 (B) 20 (C) 22 (D) 14
15. 'আলিগড় মুসলিম ইউনিভার্সিটি' প্রতিষ্ঠা হয় কত সালে?
(A) 1876 (B) 1920 (C) 1867 (D) 1916
16. বাল গঙ্গাধর তিলককে জেলে পাঠানো হলে তাঁর হয়ে মামলা লড়েন কে?
(A) মহম্মদ আলি জিন্নাহ (B) জওহরলাল নেহরু (C) দাদাভাই নৌরজি (D) হজরত মোহানি
17. কত সালে সুন্দরবন UNESCO-এর ওয়ার্ল্ড হেরিটেজ সাইট হিসাবে নিযুক্ত হয়?
(A) 1987 (B) 1989 (C) 2019 (D) 1973
18. কোন আন্দোলনকে 'অগাস্ট আন্দোলন' বলে?
(A) ভারত ছাড়ো (B) অসহযোগ (C) আইন অমান্য (D) চম্পারণ
19. বস্ত্র গবেষণাগার কোথায় অবস্থিত?
(A) মুম্বই (B) পুণে (C) সুরাত (D) আহমেদাবাদ
20. রোধাঙ্কের একক হল —
(A) ওহম-মিটার (B) মো (C) নিউটন (D) সিমেন
21. পিতল কোন দু'টি ধাতু নিয়ে তৈরি?
(A) Cu + Zn (B) Cu + Sn (C) Cu + Ni (D) Cu + Fe
22. "A Thing of beauty is a joy forever" – কার উক্তি?
(A) কীটস (B) ওয়ার্ডসওয়ার্থ (C) শেক্সপিয়র (D) মিলটন
23. সূর্যোদয়ের সময় সূর্যের রঙ লাল হয় কেন?
(A) বিক্ষেপণ (B) বিচ্ছুরণ (C) অপবর্তন (D) প্রতিসরণ
24. ইলবার্ট বিল বিতর্ক কোন ভাইসরয়ের সঙ্গে যুক্ত?
(A) লর্ড রিপন (B) লর্ট লিটন (C) লর্ড মেয়ো (D) লর্ড কার্জন
25. নিচের কোন জোড়াটি সঠিক নয়?
(A) এষা সিংহ — শ্যুটিং (B) জ্ঞানেশ্বরী — ভারোত্তলন (C) অনাহত সিংহ — স্কোয়াশ (D) বিন্দিয়ারানি — কুস্তি
26. ANRF-এর পুরো কথা কী?
(A) Anusandhan National Research Foundation (B) Asian National Research Foundation (C) Assisted National Reproductive Foundation (D) Anusandhan National Reproductive Foundation
27. সম্প্রতি প্রয়াত সুভাষ কাশ্যপ নিচের কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন?
(A) চলচ্চিত্র পরিচালক (B) সুরকার (C) সাংবাদিক (D) আইন বিশেষজ্ঞ
28. এবছর 'গ্লোবাল পিস ইনডেক্স'এ ভারতের স্থান কত?
(A) 101 (B) 117 (C) 127 (D) 131

## পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষা হবে ৪ অক্টোবর (রবিবার)। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন রাজ্য সরকারের মূল্যায়ণ পর্যদে কর্মরত **নুরুল ইসলাম**।।

29. 'প্রজেক্ট হিনিচি' কোন রাজ্যে চালু হয়?
(A) অসম (B) মণিপুর (C) মেঘালয় (D) ত্রিপুরা
30. সম্প্রতি সংবাদ শিরোনামে আসা 'সবং বন্দর' কোন দেশে অবস্থিত?
(A) শ্রীলঙ্কা (B) বাংলাদেশ (C) ইরান (D) ইন্দোনেশিয়া
31. জানেজ জানসা সম্প্রতি কোন দেশের প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন?
(A) গ্রিস (B) স্লোভেনিয়া (C) ইথিওপিয়া (D) নরওয়ে
32. 'Mission Clouded Leopard' সম্প্রতি কোন রাজ্য চালু করল?
(A) সিকিম (B) মেঘালয় (C) পশ্চিমবঙ্গ (D) হিমাচল প্রদেশ
33. ইরানে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে?
(A) আনন্দ প্রকাশ (B) সন্দীপ থারেজা (C) অজয়কুমার (D) বিশ্বেশ নেগী
34. প্রথম ইউরোপীয় দেশ হিসাবে ১৫ বছরের কম বয়সি শিশুদের জন্য সোশ্যাল মিডিয়া ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করেছে কারা?
(A) ফ্রান্স (B) স্পেন (C) ইতালি (D) বেলজিয়াম
35. 'Pishtaq' বলতে মুঘল স্থাপত্যের কোন গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যকে বোঝায়?
(A) চল্লিশ স্তম্ভবিশিষ্ট হল (B) উঁচু প্রবেশদ্বার (C) আটটি কক্ষ দিয়ে পরিবেষ্টিত কেন্দ্রীয় হল (D) আয়তাকার প্রাচীরঘেরা স্থান
36. নিচের বিদেশি ভ্রমণকারীদের মধ্যে কে রাজকুমার দারা শিকোহের চিকিৎসক ছিলেন, যিনি 'ট্রাভেলস ইন দ্য মুঘল এম্পায়ার'ও লিখেছিলেন?
(A) ফ্রাঁসোয়া বার্নিয়ার (B) জিন-ব্যাপটিস্ট ট্যাভার্নিয়ার (C) নিকোলো কন্টি (D) মার্কো পোলো
37. 'ভীমবেটকা গুহা' কোন প্রাগৈতিহাসিক যুগের সঙ্গে যুক্ত?
(A) লৌহ যুগ (B) নিম্ন তাম্র প্রস্তর যুগ (C) উচ্চ নব্য প্রস্তর যুগ (D) নিম্ন পুরাপ্রস্তর যুগ
38. 'সার্ভেন্টস অফ ইন্ডিয়া সোসাইটি' কোথায় প্রতিষ্ঠা করা হয়েছিল?
(A) মুম্বই (B) নাসিক (C) পুণে (D) সুরাত
39. নিচের কোন ব্যক্তি অ্যাংলিসিজম-এর সমর্থক ছিলেন না?
(A) উইলিয়াম জোন্স (B) টমাস ব্যারিংটন ম্যাকলে (C) হল্ট ম্যাকেঞ্জি (D) চার্লস ট্রেভেলিয়ান
40. মৌর্য পরবর্তী সময়ে বিজপেয়, রাজসূয় ও অশ্বমেধের মতো বিস্তৃত বৈদিক যজ্ঞগুলি নিয়মিতভাবে কোন অঞ্চলের শাসকদের মাধ্যমে সম্পাদিত হত?
(A) উত্তর ভারতের শাসকরা (B) দাক্ষিণাত্যের শাসকরা (C) উত্তর ভারত ও দাক্ষিণাত্য — উভয় অঞ্চলের শাসকরা (D) চোল বংশের শাসকরা
41. বার্ষিক সরল সুদের হারে 4 বছরে মোট সুদ হয় আসলের $\frac{8}{25}$ অংশ। বার্ষিক সরল সুদের হার হল —
(A) 8% (B) 16% (C) $3\frac{2}{25}$ % (D) 4%
42. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 28 দিয়ে গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(A) 4 (B) 28 (C) 14 (D) 7
43. 3 জন পূর্ণবয়স্ক ব্যক্তি ও 5 জন বালক কোনো একটি কাজের $\frac{19}{20}$ অংশ 3 দিনে সম্পন্ন করে, 4 জন পূর্ণবয়স্ক ব্যক্তি ও 8 জন বালক ওই কাজের $\frac{14}{15}$ অংশ 2 দিনে সম্পন্ন করে। একজন বালক কত সময়ে ওই কাজ সম্পন্ন করে?
(A) 20 (B) 40 (C) 30 (D) 25
44. একটি বাস 45 মিনিটে 45 কিলোমিটার দূরত্ব অতিক্রম করে। যদি এর গতি ঘন্টায় 20 কিলোমিটার হ্রাস পায়, তাহলে একই দূরত্ব অতিক্রম করতে বাসটির কত সময় লাগবে?
(A) 67.5 মিনিট (B) 78.5 মিনিট (C) 62.5 মিনিট (D) 72.5 মিনিট
45. একটি আয়তঘনকের দৈর্ঘ্য ও প্রস্থ 50% বৃদ্ধি করা হল, তাহলে উচ্চতা কত শতাংশ হ্রাস করতে হবে, যাতে এর আয়তন একই থাকবে?
(A) 48.75% (B) 37.5% (C) 55.55% (D) 62.5%
46. 5A = 3B = 4C হলে A : B : C = ?
(A) 12 : 20 : 15 (B) 5 : 3 : 4 (C) 3 : 4 : 5 (D) 6 : 8 : 9
47. যদি $-7 \le x \le 7$ ও $0 \le y \le 12$ হয়, তবে (y–x)-এর মান হবে —
(A) 5 (B) 7 (C) 10 (D) 19
48. ছয় বছর পরে একজন মানুষের বয়স হবে তার ছেলের বয়সের তিন গুণ ও তিন বছর আগে তার বয়স তার ছেলের বয়সের নয় গুণ ছিল। মানুষটির বর্তমান বয়স কত বছর?
(A) 32 (B) 30 (C) 35 (D) 27
49. একটি পুকুর কাটতে 60 জন শ্রমিকের 24 দিন সময় লেগেছে, পুকুরটি 18 দিনে কাটতে হলে অতিরিক্ত কতজন লোককে নিয়োগ করতে হবে?
(A) 80 (B) 30 (C) 10 (D) 20
50. একটি বাস ঘন্টায় 40 কিলোমিটার বেগে 3 ঘন্টায় গন্তব্যে পৌঁছালো। ফেরার সময় তিন-চতুর্থাংশ গতিবেগ নিয়ে ফিরে এলো, ফেরার সময় বাসটির কত ঘন্টা সময় লেগেছিল?
(A) 6 (B) 5 (C) 4 (D) $\frac{3}{}$

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(A). 2(B). 3(B). 4(A). 5(B). 6(B). 7(D). 8(C). 9(A). 10(B). 11(B). 12(A). 13(C). 14(B). 15(B). 16(A). 17(A). 18(A). 19(B). 20(A). 21(A). 22(A). 23(A). 24(A). 25(D). 26(A). 27(D). 28(C). 29(B). 30(D). 31(B). 32(B). 33(D). 34(A). 35(B). 36(A). 37(D). 38(C). 39(A). 40(C).

**41(A).** P = 25, I = 8, t = 4

$r = \frac{8 \times 100}{25 \times 4} = 8\%$

**42(D).** 28 = 4 × 7, নির্ণেয় সংখ্যা = 7

**43(C).** মনে করি, ব্যক্তিটি 1 দিনে x অংশ ও একজন বালক 1 দিনে y অংশ

প্রশ্নানুসারে, $(3x+5y) \times 3 = \frac{19}{20}$ ......... (i)

$(4x+8y) \times 2 = \frac{14}{15}$ ....... (ii)

(i) ও (ii) থেকে পাই, $y = \frac{1}{30}$

তাহলে 1 জন বালক কাজটি করতে পারবে 30 দিনে।

**44(A).** বাসের বেগ = 60 Km/h.
গতিবেগ হ্রাসের পর বেগ 40 Km/h.

তাহলে সময় = $60 \times \frac{45}{40} = 67.5$ মি.

**45(C).** মনে করি, দৈর্ঘ্য = 2, প্রস্থ = 10, উচ্চতা = 5
তাহলে আয়তঘনকের আয়তন = 2×10×5 = 100 ঘঃ একক
নতুন আয়তন,

$3 \times 15 \times x = 100$ or $x = \frac{20}{9}$

উচ্চতা কমেছে = $5 - \frac{20}{9} = \frac{25}{9}$

তাহলে শতকরা হ্রাস $\left(\frac{25}{9} \times \frac{1}{5} \times 100\right) = 55.55\%$

**46(A).** 5A = 3B = 4C = K (ধরি)

$A = \frac{K}{5}, B = \frac{K}{3}, C = \frac{K}{4}$

$A : B : C = \frac{1}{5} : \frac{1}{3} : \frac{1}{4}$

= 12 : 20 : 15

**47(D).** x এর সর্বনিম্ন মান = –7
y এর সর্বনিম্ন মান = 12
(y–x)-এর সম্ভাব্য সর্বাধিক মান = 12 – (–7) = 19

**48(B).** মনে করি, ছেলের বর্তমান বয়স x বছর।
3 বছর আগে পিতার বয়স 9x
6 বছর পর 3(x+9) = 9x+9 বা, x = 3
তাহলে পিতার বর্তমান বয়স = 9×3 + 3 = 30

**49(D).** 24 দিনে একটি পুকুর কাটতে পারে = 60 জন
1 দিনে একটি পুকুর কাটতে পারে = 60 × 24

18 দিনে একটি পুকুর কাটতে পারে = $\frac{60 \times 24}{18}$

অতিরিক্ত লোকসংখ্যা = 80 – 60 = 20 জন

**50(C).** বাসটি 3 ঘন্টায় যায় = 40 × 3 = 120 কিলোমিটার

ফেরার সময় বাসটির গতিবেগ হবে = $40 \times \frac{3}{4} = 30$km/h

তাহলে ফেরার সময় বাসটির সময় লাগবে $\frac{120}{30} = 4$ ঘন্টা

# AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৫৮,৩২১ নিয়োগ

১ পাতার পর

ডিজিটাল মার্কেটিংয়ে ৫,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছেন তাঁরা। আর এই নিয়োগের বেশিরভাগ ছেলেমেয়েই ট্রেনিং নিয়েছে এই মুহূর্তেরাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT থেকে। আবার Infosys এবছরের প্রথম ৮ মাসে এই বিভাগে ৯,৩১২ জনকে চাকরি দিয়েছে — যাঁদের মধ্যে বেশিরভাগটাই ডিজিটাল ট্রেনিং নিয়েছে NIHT থেকে। এখানেই শেষ নয়। Digi Magia Pvt. Ltd. বা Comval IT Solutions Pvt. Ltd. বা Creek Club বা Blue Wave Media-র মতো কলকাতার প্রথম সারির একাধিক কোম্পানির রিক্রুটিং টিমের সাথে কথা বলে দেখা গেছে যে, তাদের নিয়োগের বেশিরভাগ প্রার্থীরাই এসেছে NIHT থেকে। আবার গত বছরের এই সময়ের রিক্রুটমেন্টের যা ট্রেন্ড একথা নিশ্চিতভাবে বলা যায় যে সামনের আগষ্ট থেকে ডিসেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১৫০টির ওপর আইটি কোম্পানিতে ৫৮,৩২১ জন 'ডিজিটাল প্রফেশনালস'এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস-এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০**

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্যুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং; অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

# WBCS পরীক্ষার বিজ্ঞপ্তি

১ পাতার পর

নভেম্বরে হবে বলে জানানো হয়। হঠাৎই ওয়েবসাইট থেকে বিজ্ঞপ্তি তুলে নেওয়ায় চাকরি প্রার্থীদের মধ্যে সংশয় তৈরি হয়েছে। নতুন সরকার ক্ষমতায় আসার পর পি.এস.সি.'র এটিই ছিল নতুন নিয়োগ সংক্রান্ত প্রথম বিজ্ঞপ্তি। পি.এস.সি. সূত্রে খবর, কয়েকদিনের মধ্যেই বিজ্ঞপ্তি বেরোবে। এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি তা দেওয়া হল :

**শিক্ষাগত যোগ্যতা :** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। অ্যাপিয়ার্ড প্রার্থীরা আবেদনের যোগ্য নন।

**বয়স :** বয়স হতে হবে 'এ' ও 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৪১ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৪ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৪১ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৪ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৪৪ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮১ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১-২০২৫'এর হিসাবে। শুধুমাত্র 'গ্রুপ-বি' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১.৬৫ মিটার ও মেয়েদের ক্ষেত্রে ১.৫০ মিটার। অন্যান্য গ্রুপের বেলায় শরীরের মাপজোখের কোনো কড়াকড়ি নেই।

পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা (৪০% বা, তার বেশি প্রতিবন্ধকতা থাকলে) যথারীতি বয়সে ছাড় পাবেন। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের ও.বি.সি. ও তপশিলী সম্প্রদায়ের ছেলেমেয়েরা বয়সে কোনো ছাড় পাবেন না। তবে তাঁরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করতে পারবেন। বাংলা ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। তবে দার্জিলিং জেলার পার্বত্য এলাকার প্রার্থীদের বেলায় নেপালী ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। ওপরের সব গ্রুপের বেলায় শূন্যপদের সংখ্যা পরীক্ষার পর জানানো হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/2025.

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৫ সালের 'ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)' পরীক্ষার মাধ্যমে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে সম্ভবত নভেম্বর মাস নাগাদ। কলকাতা-সহ রাজ্যের অন্যান্য কেন্দ্রে। সফল হলে 'মেন পরীক্ষা' হবে, শুধুমাত্র কলকাতায়।

**প্রিলিমিনারি পরীক্ষার সিলেবাস :** লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের একটি প্রশ্নপত্র। প্রতিটি প্রশ্নে থাকবে১ নম্বর ও সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে এই ৮টি বিষয় ও প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন : (১) ইংরিজি কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনা, (৪) ভারতের ইতিহাস, (৫) পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় ভূগোল, (৬) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি (জেনারেল ইন্টেলিজেন্স)।

ইংরিজি কম্পোজিশন অংশে থাকবে গ্রামারের প্রশ্ন। ভারতীয় ভূগোল অংশে পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় কৃষি ও প্রাকৃতিক সম্পদ -সহ সামাজিক ও অর্থনৈতিক ভূগোল, রাষ্ট্রনীতি ও অর্থনীতি অংশে রাষ্ট্রপদ্ধতি, পঞ্চায়েতিরাজ, কমিউনিটি উন্নয়ন ও ভারতের পরিকল্পনা বিষয়, ভারতের জাতীয় আন্দোলন অংশে অষ্টাদশ শতাব্দীর প্রকৃতি ও বৈশিষ্ট্য আর জেনারেল মেন্টাল এবিলিটি (জি.আই.) টেস্ট অংশে থাকবে লজিক্যাল রিজনিং। ইতিহাস বিষয়ে থাকবে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে ভারতীয় ইতিহাস। প্রিলিমিনারি পরীক্ষায় নির্দিষ্ট নম্বর (কোয়ালিফাইং) পেলে কোয়ালিফাইং করতে পারবেন। তবে চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষার নম্বর ধরা হবে না।

**মেন পরীক্ষার সিলেবাস :** 'প্রিলিমিনারি' পরীক্ষায় সফল হলে 'মেন' পরীক্ষা হবে। A, B, C ও D — এই ৪ গ্রুপেই 'মেন'এ ১,২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সান্তাড় — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সান্তাড় ভাষায় অনুবাদ। (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সান্তাড় থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ-। (ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।। (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রনমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)। (৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং। প্রতিটি বিষয়ে থাকবে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকবে ৩ ঘন্টা।

আবশ্যিক প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সান্তাড় আর দ্বিতীয় পত্র : ইংরিজি বিষয়ের প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। আর বাকি ৪টি আবশ্যিক বিষয়ের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের।

**অপশনাল পেপার (ঐচ্ছিক বিষয়) :** এরপর হবে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। A ও B গ্রুপের বেলায় ৪০০ নম্বরের ১টি ঐচ্ছিক বিষয়ে ২টি পেপারের পরীক্ষা হবে। প্রতিটি পেপারে থাকবে ২০০ নম্বর। C ও D গ্রুপের বেলায় কোনো ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে না।

**পার্সোন্যালিটি টেস্ট :** এরপর হবে পার্সোন্যালিটি টেস্ট। A ও B গ্রুপের বেলায় ২০০ নম্বরের, C গ্রুপের বেলায় ১৫০ নম্বরের আর D গ্রুপের বেলায় ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

**দরখাস্ত করার পদ্ধতি :** বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : http://psc.wb.gov.in, www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে দিতে পারবেন ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন।

গত সপ্তাহের পর

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**১৩ মে :** রেকর্ড পঞ্চমবারের মতো পুদুচেরির মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন এন.রঙ্গস্বামী।

❑ 'ন্যাশনাল ট্রেডস ইউনিয়ন কংগ্রেস'এর সর্বোচ্চ সম্মান 'মেডেল অফ অনার' পেলেন সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ড.ভিভিয়ান বালাকৃষ্ণণ। শ্রমিক আন্দোলন, শ্রমিকদের কল্যাণ সাধন ও ত্রিপাক্ষিক সম্পর্ক সুদৃঢ় করার ক্ষেত্রে তাঁর কয়েক দশকের অঙ্গীকারের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি।

❑ প্রথম ক্যারিবীয় দেশ হিসাবে, ভারতের ইউপিআই গ্রহণ করল ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো। ২০২৫ সালের জুলাইয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী'র ওই দেশে সফরের সময় এই ঘোষণা করা হয়। এর ফলে, এবার থেকে ত্রিনিদাদ অ্যান্ড টোবাগোতে 'ভীম' অ্যাপের মাধ্যমে ভারতীয় পর্যটকরা কিউআর কোড স্ক্যান করে সরাসরি ভারতীয় ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে পেমেন্ট করতে পারবেন। এই পদক্ষেপটি দুই দেশের মধ্যে আর্থিক ও ডিজিটাল সহযোগিতা জোরদার করবে।



**প্রথম ভারতীয় মহিলা হিসাবে, এবছর মর্যাদাপূর্ণ 'মেটিওরিটিক্যাল সোসাইটি'র ফেলো হিসাবে নির্বাচিত হলেন আহমেদাবাদের 'ফিজিক্যাল রিসার্চ ল্যাবরেটরি'র অধ্যাপিকা কুলজিৎ কৌর মারহাস। গ্রহ বিজ্ঞান ও উল্কাপিণ্ড সংক্রান্ত গবেষণায় অসাধারণ অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই ফেলোশিপ দেওয়া হয়েছে। ১৯৩৩ সালে প্রতিষ্ঠিত 'মেটিওরিটিক্যাল সোসাইটি'র ৯৩ বছরের ইতিহাসে এর আগে মাত্র দু'জন ভারতীয় (প্রয়াত দেবেন্দ্র লাল ও জিতেন্দ্র নাথ গোস্বামী) এই সম্মান পেয়েছিলেন।**

**১৬ মে :** সর্বসম্মতিক্রমে 'দক্ষিণ এশীয় ভারোত্তোলন ফেডারেশন'এর প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন সহদেব যাদব।

❑ ইরাকের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব নিলেন আলি ফালিহ কাদিম আল-জাইদি।

❑ ধার জেলার বিতর্কিত ভোজশালা-কমল মৌল মসজিদ চত্বরকে দেবী বাগদেবী সরস্বতীর মন্দির হিসাবে ঘোষণা করল মধ্য প্রদেশ হাই কোর্ট। ২০০৩ সালে ভারতীয় পুরাতত্ত্ব সর্বেক্ষণ মুসলিমদের ওই ভোজশালা চত্বরে নমাজ পড়ার অনুমতি দিয়েছিল। হাই কোর্টের রায়ের পর সেই নির্দেশও বাতিল বলে ঘোষণা করা হয়েছে। এই মন্দিরটি রাজা ভোজের সঙ্গে সম্পর্কিত, যিনি পারমার বংশীয় শাসক হিসাবে ধারকে সংস্কৃত শিক্ষার একটি কেন্দ্রে পরিণত করার কৃতিত্বের অধিকারী।

❑ এবছর 'এশিয়ান সিনিয়র ভারোত্তোলন চ্যাম্পিয়নশিপ'এ মহিলা দলের র‍্যাঙ্কিংয়ে তৃতীয় স্থান ও পুরুষ দলের র‍্যাঙ্কিংয়ে পঞ্চম স্থান অধিকার করেছে ভারত।

**১৭ মে :** কেরলমের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন ভি.ডি.সতীশন।

❑ বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট এভারেস্ট'এ (৮,৮৪৯ মিটার) ৩২ বারের মতো সফলভাবে আরোহণ করে নজির গড়লেন ৫৬ বছর বয়সি কিংবদন্তি পর্বতারোহী তথা নেপালি শেরপা কামি রিতা। এদিন, এভারেস্টে চড়ার ক্ষেত্রে নিজের রেকর্ড নিজেই ভেঙেছেন তিনি। একই দিনে, মহিলা শেরপা হিসাবে সবথেকে বেশিবার এভারেস্টে চড়ার নজির গড়েছেন লাকপা শেরপা। ৫২ বছর বয়সি লাকপা ১১ তম বার এভারেস্টের শৃঙ্গে পৌঁছান। আর কোনো মহিলা এতবার বিশ্বের সর্বোচ্চ এই পর্বতচূড়ায় উঠতে পারেননি।


### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


❑ সুইডেনের সর্বোচ্চ সম্মান 'রয়্যাল অর্ডার অফ দ্য পোলার স্টার, ডিগ্রি কম্যান্ডার গ্র্যান্ড ক্রস'এ ভূষিত হলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক ও তাঁর দূরদর্শী নেতৃত্বের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, এটি সুইডেনের অন্যতম সর্বোচ্চ সম্মান, যা কূটনীতি, আন্তর্জাতিক সহযোগিতা ও দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে অবদানের জন্য বিদেশি নেতাদের দেওয়া হয়।

❑ এবছর চিনে 'বাওজি চায়না মাস্টার্স'এ মহিলাদের সিঙ্গলসে রুপোর পদক পেলেন ভারতীয় ব্যাডমিন্টন খেলোয়াড় প্রিয়াংশী ভলিশেট্টি।

❑ নরওয়ের ক্যাসপার রুডকে ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, 'ইতালিয়ান ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ইতালিয়ান টেনিস তারকা জ্যানিক সিনার। ১৯৭৬ সালে আদ্রিয়ানো পানাত্তা'র পর, প্রথম ইতালীয় খেলোয়াড় হিসাবে এই শিরোপা জিতলেন তিনি।

**১৮ মে :** 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন গুণভীর সিং।

❑ 'বর্ডার সিকিউরিটি ফোর্স'এর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন সুরেন্দ্র কুমার ঝা।

❑ নরওয়ের সফর চলার সময়, দেশটির সর্বোচ্চ বেসামরিক সম্মান 'গ্র্যান্ড ক্রস অফ দ্য রয়্যাল নরওয়েজিয়ান অর্ডার অফ মেরিট' পেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। চার দশকের বেশি সময় পরে কোনো ভারতীয় প্রধানমন্ত্রী নরওয়ে সফর করলেন। ভারত ও নরওয়ের দ্বিপাক্ষিক সম্পর্ক ও আন্তর্জাতিক সহযোগিতায় তাঁর নেতৃত্বের অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি।

❑ প্রধান বিচারপতিকে বাদ দিয়ে সুপ্রিম কোর্টে বিচারপতির সংখ্যা ৩৩ থেকে বাড়িয়ে ৩৭ করার বিষয়ে অনুমোদন দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। ফলে শীর্ষ আদালতের প্রধান বিচারপতিকে ধরে মোট বিচারপতির সংখ্যা হতে চলেছে ৩৮। দেশে ক্রমবর্ধমান মামলার চাপ সামলাতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে মনে করা হচ্ছে।

❑ রাজ্যের বিভিন্ন সরকারি চাকরিতে নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা ৫ বছর বাড়াল পশ্চিমবঙ্গ সরকার। রাজ্য অর্থ দফতর থেকে জারি করা নতুন বিজ্ঞপ্তি অনুযায়ী, বয়সের এই উর্ধ্বসীমা ১১ মে থেকে কার্যকর হয়েছে। এর ফলে, গ্রুপ-এ পদে বয়সসীমা বেড়ে হয়েছে ৪১ বছর, গ্রুপ-বি পদে বয়সসীমা বেড়ে হয়েছে ৪৪ বছর, গ্রুপ-সি ও ডি পদে বয়সসীমা বেড়ে হয়েছে ৪৫ বছর। এছাড়াও, পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ-সহ রাজ্য সরকারের বিভিন্ন বিধিবদ্ধ সংস্থা ও স্থানীয় কর্তৃপক্ষগুলিতেও এই নতুন নিয়ম কার্যকর হবে।

❑ ভারতীয় ক্রিকেট বোর্ড আর তথ্য জানার অধিকার আইনের আওতায় পড়বে না বলে রায় দিল 'কেন্দ্রীয় তথ্য কমিশন'। এদিন তাদের রায়ে স্পষ্ট জানানো হয়েছে, বিসিসিআই'কে 'পাবলিক অথরিটি' বা সরকারি সংস্থা হিসাবে ধরা যাবে না। ৮ বছরের পুরনো একটি মামলার নিষ্পত্তি ঘটিয়ে এই রায় দিল 'কেন্দ্রীয় তথ্য কমিশন'। ফলে এবার থেকে আরটিআই আইনের অধীনে তথ্য প্রকাশে বাধ্য নয় বিসিসিআই। এই নতুন রায়ে কমিশন জানিয়েছে, বিসিসিআই কোনোভাবে আরটিআই আইনের ২ (এইচ) ধারার শর্ত পূরণ করে না।

**১৯ মে :** গুয়াহাটির জিএস রোডে, ভারতের প্রথম এআই-চালিত 'ফিজিট্যাল' ব্যাঙ্কিং শাখার উদ্বোধন করলেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। এটি ফিনটেক সংস্থা 'স্লাইস স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর একটি শাখা। 'ফিজিট্যাল' শব্দটির অর্থ হল, ফিজিক্যাল ও ডিজিটাল প্রযুক্তির সংমিশ্রণ। এখানে প্রথাগত ব্যাঙ্কের মতো একটি নির্দিষ্ট ভবন বা শাখা থাকলেও, ভিতরে থাকে সম্পূর্ণ ডিজিটাল ও স্বয়ংক্রিয় ব্যবস্থা। এখানে সম্পূর্ণ কাগজবিহীনভাবে নগদ জমা করা ও তোলা যায়। এখানে সেলফ-সার্ভিস কিয়স্কের মাধ্যমে গ্রাহকরা সরাসরি নিজের কাজ নিজেই করে নিতে পারেন। কোনো আলাদা আবেদনপত্র জমা দেওয়া ছাড়াই সরাসরি ইউপিআই'এর মাধ্যমে ক্রেডিট বা ঋণ সুবিধা নেওয়া যায়।

❑ ভারতীয় বায়ুসেনার প্রথম মহিলা অফিসার হিসাবে মর্যাদাপূর্ণ ক্যাটেগরি-এ কোয়ালিফায়েড ফ্লাইং ইন্সট্রাক্টর যোগ্যতা অর্জন করে ইতিহাস গড়লেন স্কোয়াড্রন লিডার সান্যা। সামরিক বিমান চালনায় উচ্চ স্তরের দক্ষতা, একাগ্রতা, পেশাদারিত্ব ও নির্ভুলতার জন্য তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে। ক্যাটেগরি-এ হল ভারতীয় বিমান বাহিনীর ফ্লাইং ট্রেনিং সিস্টেমে একজন ইন্সট্রাক্টরের জন্য সর্বোচ্চ ও মর্যাদাপূর্ণ গ্রেডিং। এই যোগ্যতা অর্জন করার পর একজন অফিসার অন্যান্য পাইলট ও ইন্সট্রাক্টরদের প্রশিক্ষণ দেওয়ার ও তাঁদের দক্ষতা মূল্যায়ন করার অনুমোদন পান।

❑ প্রথম ভারতীয় টেস্ট পাইলট হিসাবে, ক্যালিফোর্নিয়ার মর্যাদাপূর্ণ 'সোসাইটি অফ এক্সপেরিমেন্টাল টেস্ট পাইলটস'এর 'ফেলো' নির্বাচিত হয়ে ইতিহাস গড়লেন 'হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড'এর এক্সিকিউটিভ ডিরেক্টর ও চিফ টেস্ট পাইলট (ফিক্সড উইং) গ্রুপ ক্যাপ্টেন কে.কে.ভেনুগোপাল। ভারতের বিমান চালনা ক্ষেত্রে ২৫ বছরেরও বেশি সময় ধরে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি।

❑ জলাতঙ্কে আক্রান্ত ও অত্যন্ত বিপজ্জনক কুকুরদের ক্ষেত্রে 'ইউথেনেশিয়া' বা নিয়ন্ত্রিত মৃত্যুর অনুমতি দিল সুপ্রিম কোর্ট। সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন প্রান্তে পথকুকুরদের হামলা, কুকুরের কামড়ে মৃত্যু ও জলাতঙ্কের বাড়বাড়ন্তের ঘটনাকে মনে রেখেই এই নির্দেশ দেওয়া হয়েছে। জনসাধারণের নিরাপত্তার জন্য স্থানীয় প্রশাসন ও পুরসভা প্রয়োজনীয় নিয়ম মেনে ইউথেনেশিয়ার সিদ্ধান্ত নিতে পারবে। তবে, নির্বিচারে কুকুর হত্যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র চিকিৎসাগতভাবে 'রেবিস' নিশ্চিত হওয়া বা নির্দিষ্টভাবে বিপজ্জনক বলে চিহ্নিত কুকুরদের ক্ষেত্রেই এই পদক্ষেপ নেওয়া যাবে।

**২০ মে :** নেপালের দিক থেকে একদিনে রেকর্ড ২৭৪ জন পর্বতারোহী 'মাউন্ট এভারেস্ট'এর চূড়ায় আরোহণ করে নতুন ইতিহাস তৈরি করেছেন। আবহাওয়া অনুকূলে থাকায় নেপাল রুট ব্যবহার করে এত বিপুল সংখ্যক মানুষ একসঙ্গে এভারেস্টের চূড়ায় পৌঁছাতে সক্ষম হন। রেকর্ড গড়া এই ২৭৪ জনের দলে ৩ জন ভারতীয় পর্বতারোহীও ছিলেন। এঁরা হলেন - তুলসী রেড্ডি পালপুনুরি, সন্দীপ আরে ও অজয় পাল সিং ধালিওয়াল। এর আগে, একদিনে সর্বোচ্চ চূড়ায় আরোহণের রেকর্ডটি ছিল ২০১৯ সালের ২২ মে, সেদিন ২২৩ জন পর্বতারোহী এভারেস্ট জয় করেছিলেন।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে মন্ত্রিসভা পর্যায়ে কৃত্রিম বুদ্ধিমত্তার জন্য একটি আলাদা দফতর তৈরি করে এক অনন্য নজির গড়ল কেরলম। রাজ্যের শিল্প ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী পি.কে.কুনহালিকুট্টি'র ওপর এই উদ্যোগের নেতৃত্ব দেওয়ার দায়িত্ব দেওয়া হয়েছে। এই উদ্যোগের উদ্দেশ্য হল, প্রযুক্তিচালিত শাসনব্যবস্থা এগিয়ে নিয়ে যাওয়া, শিল্পক্ষেত্রকে আধুনিকীকরণ করা ও রাজ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা সংক্রান্ত উদ্ভাবনকে উৎসাহিত করা। এআই বিভাগকে শিল্প ও বাণিজ্য মন্ত্রকের অধীনে রাখা হয়েছে। এর মধ্যে আইটি, স্টার্টআপ, মাইনিং, জিওলজি আর হ্যান্ডলুম ও টেক্সটাইল অন্তর্ভুক্ত রয়েছে।



**ম্যান্ডারিন ভাষায় লেখা 'তাইওয়ান ট্রাভেলগ' উপন্যাসের জন্য এবছর যৌথভাবে 'আন্তর্জাতিক বুকার পুরস্কার' পেলেন লেখক ইয়াং শুয়াং-জি ও অনুবাদক লিন কিং। এই প্রথম ম্যান্ডারিন চিনা ভাষা থেকে অনূদিত কোনো উপন্যাস এই আন্তর্জাতিক পুরস্কার জিতে নিল। পুরস্কারের ৫০ হাজার পাউন্ড সমানভাবে ভাগ করে নেবেন লেখক ও অনুবাদক।**

❑ বিশ্বের অন্যতম মর্যাদাপূর্ণ বৈজ্ঞানিক সম্মান রয়্যাল সোসাইটি'র ফেলো নির্বাচিত হলেন বিখ্যাত কম্পিউটার বিজ্ঞানী ও আইআইটি কানপুরের ডিরেক্টর মণীন্দ্র আগরওয়াল। থিওরিটিক্যাল কম্পিউটার সায়েন্সে অনবদ্য অবদান ও AKS primality test'এ অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি।

❑ রোমে, রাষ্ট্রসঙ্ঘের 'ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার অর্গানাইজেশন'এর সদরদফতরে সংস্থাটির কাছে, ২০২৬ সালের মর্যাদাপূর্ণ 'অ্যাগ্রিকোলা মেডেল' পেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারত ও বিশ্বজুড়ে খাদ্য নিরাপত্তা, টেকসই কৃষি ও গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে নরেন্দ্র মোদীর নেতৃত্বের স্বীকৃতি হিসাবে এই সম্মান দেওয়া হয়েছে। 'ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার অর্গানাইজেশন'এর ডিরেক্টর জেনারেল ড.কু ডংইউ এই পুরস্কার দিয়েছেন।

❑ ইন্ডিয়ান আর্মার্ড কর্পস'এর ৪৫ ক্যাভালরির সম্মানসূচক সদস্যপদ পেলেন বলিউড অভিনেতা ঈশান খট্টর। যুদ্ধভিত্তিক চলচ্চিত্র 'পিপ্পা'তে ক্যাপ্টেন বলরাম সিং মেহতা'র চরিত্রটি অত্যন্ত বিশ্বস্ততার সঙ্গে রূপায়ণের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। এই বিশেষ স্বীকৃতিটি পর্দায় রেজিমেন্টের ঐতিহ্যের প্রতি তাঁর প্রদর্শিত শ্রদ্ধা ও নিষ্ঠাকেই তুলে ধরে।

❑ শিখ সম্প্রদায়ের ঐতিহ্যবাহী 'আনন্দ কারাজ' অনুষ্ঠানের মাধ্যমে বিবাহ নিবন্ধনের জন্য 'আনন্দ বিবাহ আইন, ১৯০৯' কার্যকর করতে চলেছে সিকিম। ১ জুন থেকে আনুষ্ঠানিকভাবে সিকিমে এই আইনটি বলবৎ হয়েছে। এই আইনটি কার্যকর হওয়ার ফলে, রাজ্যটির শিখ দম্পতিদের আর বিবাহ নিবন্ধনের জন্য ১৯৫৫ সালের হিন্দু বিবাহ আইনের ওপর নির্ভর করতে হবে না। তারা সরাসরি তাদের নিজস্ব ঐতিহ্যবাহী অনুষ্ঠানের মাধ্যমে সম্পন্ন হওয়া বিবাহ নিবন্ধন করতে পারবেন। রাজ্য সরকার এরমধ্যেই এই উদ্দেশ্যে 'সিকিম আনন্দ বিবাহ নিবন্ধন বিধিমালা, ২০২৬' তৈরি করে একটি স্থানীয় নিবন্ধন পদ্ধতি চালু করেছে।

**২১ মে :** এবছর 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র মর্যাদাপূর্ণ 'বিশ্ব তামাকমুক্ত দিবস পুরস্কার'এ ভূষিত হল রাজস্থান। ২০২৫-'২৬ সালে তামাক নিয়ন্ত্রণে অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে, দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে সর্বোচ্চ সম্মানে ভূষিত হয়েছে রাজস্থানের চিকিৎসা ও স্বাস্থ্য বিভাগ।

❑ দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলের বিখ্যাত জোগিয়েসা মন্দিরে সম্প্রতি 'গাবি' নামের একটি কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পন্ন হিউম্যানয়েড রোবটকে আনুষ্ঠানিকভাবে বৌদ্ধ সন্ন্যাসী হিসাবে দীক্ষা দেওয়া হয়েছে। ঐতিহ্যবাহী পোশাক ও ১০৮টি পুঁতির জপমালা গলায় ঝুলিয়ে এটি সন্ন্যাসীদের ধর্মীয় আচার-অনুষ্ঠানে অংশ নেয়। দীক্ষা পর্ব চলার সময় সাধারণ সন্ন্যাসীদের মতো রোবটের বাহুতে প্রথাগত আগুনে ছ্যাঁকা দেওয়ার বদলে, এর যন্ত্রাংশ সুরক্ষিত রাখতে এটির বাহুতে 'পদ্মবাতি উৎসব'এর স্টিকার লাগানো হয়। এই রোবট সন্ন্যাসী চালু করার মূল উদ্দেশ্য হল, দক্ষিণ কোরিয়ার তরুণ প্রজন্মের কাছে বৌদ্ধধর্মের বার্তা আকর্ষণীয় করে তোলা ও আধুনিক প্রযুক্তির সঙ্গে ধর্মের মেলবন্ধন তৈরি করা। 'গাবি' শব্দটি এসেছে সিদ্ধার্থ গৌতম ও কোরীয় শব্দ 'জাবি' (যার অর্থ 'করুণা') থেকে। চিনের 'ইউনিট্রি রোবোটিক্স' কোম্পানির তৈরি 'জি১' মডেলের ওপর ভিত্তি করে এই রোবটটি তৈরি করা হয়েছে।

❑ বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট এভারেস্ট' জয় করে নজির গড়লেন 'বর্ডার সিকিউরিটি ফোর্স'এর মহিলা সদস্যারা। বিএসএফ'এর ইতিহাসে প্রথমবার সম্পূর্ণ মহিলা সদস্যদের নিয়েই গঠিত হয়েছিল 'মাউন্ট এভারেস্ট' অভিযানের জন্য একটি দল। সেই দলের অভিযান সফল হয়েছে। 'মিশন বন্দেমাতরম'এর আওতায় এই সাহসী অভিযানে অংশ নেন ৪ মহিলা জওয়ান। এঁরা হলেন লাদাখের কাউসার ফাতিমা, পশ্চিমবঙ্গের মুনমুন ঘোষ, উত্তরাখণ্ডের রেবেকা সিং ও কার্গিলের সেরিং চোরোল।

❑ 'আমেরিকান ইনস্টিটিউট অফ অ্যারোনটিক্স অ্যান্ড অ্যাস্ট্রোনটিক্স'এর তরফ থেকে এবছর মর্যাদাপূর্ণ 'গডার্ড অ্যাস্ট্রোনটিক্স পুরস্কার' পেল ভারতের 'চন্দ্রযান-৩' মিশন। ২০২৩ সালের ২৩ আগস্ট 'চন্দ্রযান-৩'এর মাধ্যমে চাঁদের দক্ষিণ মেরুতে বিশ্বের প্রথম সফল ও নিরাপদ অবতরণ করার ঐতিহাসিক কৃতিত্বের জন্য এই পুরস্কার পেল তারা। 'ইসরো'র তরফ থেকে এই পুরস্কার নেন মার্কিন যুক্তরাষ্ট্রে, ভারতের রাষ্ট্রদূত বিনয় মোহন কোয়াত্রা।

❑ ইন্টার খাসিকে ২-১ ব্যবধানে হারিয়ে, প্রথমবারের মতো 'ইন্ডিয়ান সুপার লিগ' শিরোপা জিতল ইস্টবেঙ্গল।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# চাকরির টুকরো খবরাখবর

## ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ৬১ চাকরি

ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড ইঞ্জিনিয়ার, ডেপুটি ম্যানেজার, ম্যানেজার ও সিনিয়র ম্যানেজার পদে ৬১ জন লোক নিচ্ছে। ম্যানেজার পদে শূন্যপদ ১২টি। মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা। ডেপুটি ম্যানেজার পদে শূন্যপদ ৩৮টি। মূল মাইনে : ৭০,০০০-২,০০,০০০ টাকা। ম্যানেজার পদে শূন্যপদ ৯টি। মূল মাইনে : ৮০,০০০-২,২০,০০০ টাকা। সিনিয়র ম্যানেজার পদে শূন্যপদ : ২টি। মূল মাইনে : ৯০,০০০-২,৪০,০০০ টাকা। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স ইত্যাদি ওয়েবসাইটে পাবেন। দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.engineersindia.com

## ৪২ জুনিয়র অফিসার

বালমের লরি অ্যান্ড কো লিমিটেড অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, ইউনিট হেড, জুনিয়র অফিসার পদে ৪২ জন লোক নিচ্ছে। চাকরি হবে কলকাতা, দিল্লি, বেঙ্গালউরু, হায়দরাবাদ, মুম্বইয়ে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, শূন্যপদ ইত্যাদি ওয়েবসাইটে পাবেন। দরখাস্ত করবেন অনলাইনে, ২৯ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.balmerlawrie.com

## কলকাতা মিউজিয়ামে চাকরি

কলকাতার ইন্ডিয়ান মিউজিয়াম লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অফিসার, হেড মডেলার, হিন্দি ট্রান্সলেটর, মডেলার, ড্রাইভার কাম মেকানিক পদে ৫ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর ৫ বছর গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকলে 'ড্রাইভার কাম মেকানিক' পদের জন্য যোগ্য। মোটর মেকানিজমের কাজে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মডেলার ও হিন্দি ট্রান্সলেটর পদের বেলায় বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। অন্যান্য পদের বেলায় বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ প্রতিটি পদে ১টি করে। এই পদের বিজ্ঞপ্তি নং : 4/2026. দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://indianmusemkolkata.org

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

## পোর্টে অফিসার, ম্যানেজার

কলকাতার শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট অ্যাকাউন্টস অফিসার, অ্যাসিস্ট্যান্ট এস্টেট ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ট্রাফিক ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফাইনান্স), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সিস্টেম), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ওয়েলফেয়ার) ইত্যাদি পদে ২৮ জন লোক নিচ্ছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, অভিজ্ঞতা ইত্যাদি ওয়েবসাইটে পাবেন। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://smportkolkata.shipping.gov.in

BNG
HOTEL MANAGEMENT INSTITUTE
Kolkata
Urgent Requirement of Staff
•Residential Caretaker (M/F)
•Service Boy or Girl
•Security Guard (M/F)
•Cleaner (M/F)
For Interview — Call Now
8777468438

## আই.টি.আই. ও পলিটেকনিকে ভরতিরস্পট কাউন্সেলিং শুরু

আই.টি.আই. ও পলিটেকনিকের প্রথম ও দ্বিতীয় বর্ষের ইঞ্জিনিয়ারিং কোর্সে ভরতির জন্য যাঁরা আগে দরখাস্ত করেছিলেন, কিন্তু ভরতি হননি, তাঁদের স্পট কাউন্সেলিংয়ের মাধ্যমে ভরতি করা হচ্ছে। কবে থেকে কাউন্সেলিং শুরু হবে তা বিস্তারিতভাবে পাবেন এই ওয়েবসাইটে : https://admission-tested.wb.gov.in

## ৩০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও এক্সিকিউটিভ


জাবুয়া পাওয়ার লিমিটেড অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার / ডেপুটি ম্যানেজার ও ইঞ্জিনিয়ার / এক্সিকিউটিভ পদে ৩০ জন লোক নিচ্ছে। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন, আই.টি.'র ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। ডিগ্রি কোর্স পাশরা এইচ.আর., পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, লেবার ওয়েলফেয়ারের এম.বি.এ. কিংবা পি.জি.ডি.এম. কোর্স পাশ হলেও যোগ্য। দরখাস্ত করার শেষ তারিখ ২৯ সেপ্টেম্বর। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.jhabuapower.co.in

## পেনশন ফান্ডে ৩০ ম্যানেজার

পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড-এ) পদে ৩০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায় : জেনারেল স্ট্রিম। শূন্যপদ ২৫টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃউঃজাঃ ২, তঃজাঃ ৪)। রিসার্চ পদে ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। অ্যাকচুয়ারি পদে ২টি (জেনাঃ)। অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ ১টি (ও.বি.সি.)। ওপরের সব ক্ষেত্রে বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.pfrda.org.in দরখাস্ত করার শেষ তারিখ ২৪ সেপ্টেম্বর।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
৪ অক্টোবর হওয়া
মিসলেনিয়াস পরীক্ষা
ক্র্যাক করতে আজই কিনুন
সাফল্য সাফল্য
সাধারণ জ্ঞান
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
6291684943

RICE ADAMAS



Prof. (Dr.) Samit Ray
• Founder & Chairman, RICE - Adamas Group
• Founder & Chancellor – Adamas University

"স্বপ্ন বড় হতে হবে।
লক্ষ্য যদি হয় WBCS, CGL, CHSL, BANK বা RAILWAY, তাহলে প্রস্তুতিটাও হতে হবে দুর্দান্ত। RICE শুধুমাত্র একটি কোচিং নয়, এটা একটি চেতনা। এখানে আমরা শেখাই কীভাবে জীবনের প্রতিটি চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, কীভাবে আত্মবিশ্বাসের সঙ্গে নিজেকে গড়ে তুলতে হয়। যতই প্রতিযোগিতা থাকুক না কেন, যদি রোজ নিজেকে একটু একটু করে গড়ে তোলো, তোমার সাফল্যকে কেউ আটকাতে পারবে না। রাইসে পড়া মানে শুধু নোটস আর মক টেস্ট নয়, ভবিষ্যৎ জীবনের জন্য প্রস্তুতি।"

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন চাকরির পরীক্ষায় নিয়মিত অনুশীলন, সঠিক দিশা এবং ধারাবাহিক প্রস্তুতিই সাফল্যের ভিত্তি

RICE EDUCATION

বিগত WBCS 2022-এর A, B, C & D এবং 2023-এর A, B & C-প্রতিটি বিভাগেই মেধা তালিকায় RICE-এর ছাত্রছাত্রীদের জয় জয়কার। এর থেকেই প্রমাণিত WBCS সহ যেকোনো সরকারি চাকরির উচ্চ পদে সাফল্য পেতে RICE-এর প্রশিক্ষণ অপরিহার্য

এবার লক্ষ্য WBCS 2025

WBCS 2023 পরীক্ষায় RICE Education এর কিছু সফল নক্ষত্র

ADRIJA DEY — WBCS 2023 Gr-A, (Executive), Lake Town, Kolkata
TULIP GHOSH — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Khirpai, Paschim Medinipur
ANIRUDDHA BASU — WBCS 2023 Gr-A, WB Revenue Service, Entally, Kolkata
SOURAV SETT — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Shyambazar, Kolkata
SAURAV SUBBA — WBCS 2023 Gr-A, WB Revenue Service, Tindaria Karseong, Darjeeling
PRASENJIT BISWAS — WBCS 2023 Gr-B, WB Police Service, B.D. SOPAN, 24 PGS (N)
SOUPTIK PAUL — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Santragachi, Howrah
DIPANWITA BISWAS — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Dignagar, Nadia
MAHESWAR MURMU — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Chandabila, Purba Medinipur
TARAK NATH MONDAL — WBCS 2023 Gr-B, WB Police Service, Ichlabad, Purba Bardhaman
& many more...

RICE RESIDENTIAL
RICE মেথডোলজি, সেরা আবাসিক পরিবেশে নিশ্চিত সাফল্যের জন্য
পূর্ব ভারতের প্রথম ও একমাত্র সরকারি চাকরির প্রশিক্ষণের আবাসিক প্রোগ্রাম
Residential Program available at Adamas Knowledge City, Barasat
Next Batch Starts in the Third Week of September 2026 | Helpline: 62921 90230

Classroom I Residential | IAS I WBCS I PSC I SSC I Rail I Police I Bank I Insurance

Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 |
Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957

Helpline ✆ 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com